দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 14 ■ 4th April, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

**কেরিয়ার ফেয়ার ২০২৬**

১০ ও ১১ এপ্রিল, ২০২৬ (শুক্রবার ও শনিবার)

স্থানঃ জলসাঘর, বহরমপুর (বহরমপুর রেল স্টেশনের পাশে), মুর্শিদাবাদ

বিনামূল্যে সুযোগ পেতে ফোন করুন : 6291684943

### ঝাড়খণ্ডে 'টেট' পরীক্ষার মাধ্যমে

## কয়েক হাজার প্রাথমিক ও উচ্চপ্রাথমিক শিক্ষক-শিক্ষিকা

**উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের**

**রঞ্জিৎ ঘোষ, রাঁচি :** ঝাড়খণ্ড রাজ্যের অধীন প্রাথমিক স্কুল (প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি) আর আপার প্রাইমারি (ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি) স্কুলে 'প্রাথমিক' ও 'উচ্চ প্রাথমিক' শিক্ষক-শিক্ষিকা পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়ার 'JTET'এর জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। এই 'JTET'এ সফল হলে 'JTET' পাশ সার্টিফিকেট পাবেন। তারপর ঝাড়খণ্ড সরকারের অধীন স্কুলগুলিতে শূন্যপদ পূরণের জন্য 'JTET' পাশ প্রার্থীদের থেকে দরখাস্ত নেওয়া হবে। এই 'JTET'এর জন্য কারা দরখাস্ত করতে পারবেন (পশ্চিমবঙ্গের প্রার্থীরাও যোগ্য) :

**প্রাইমারি টিচার (প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা

এরপর ৫ পাতায়

### ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে

## কেন্দ্রে ২৪৩ সায়েন্টিস্ট

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** কেন্দ্রীয় সরকারের জনসংযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের অধীন ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার 'সায়েন্টিস্ট -বি' পদে ২৪৩ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য: ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কমিউনিকেশন, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্কিং সিকিউরিটি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, সফটওয়্যার সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি ম্যানেজমেন্ট, ইনফর্মেটিক্স, কম্পিউটার ম্যানেজমেন্ট, সাইবার ল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। ডোয়েক থেকে 'বি' লেভেল কোর্স পাশরাও যোগ্য। এম.এসসি. বা, এম.সি.এ. কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে 'গেট' ২০২৪, ২০২৫, ২০২৬ সালে সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ৩১-৩-২০২৬'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ :

এরপর ২ পাতায়

### কলকাতার ১৫২টি আইটি কোম্পানিতে

## ৫৬,২৩২ AI বেসড ওয়েব ডিজাইনার ও গ্রাফিক্স ডিজাইনার

**পল্লবী দেওয়ান, সল্টলেক :** কলকাতার ১৫২টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ২৫,২০০ 'AI বেসড ওয়েব ডিজাইনার' ও ৩১,০৩২ 'AI বেসড গ্রাফিক্স ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : AI বেসড গ্রাফিক্স ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন

এরপর ৪ পাতায়

## রেলে ১০ বছরে প্রায় ৬ লাখ চাকরি হয়েছে

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ভারতীয় রেলের বিভিন্ন ক্যাটেগরিতে গত ২০ বছরে ১০ লাখ শূন্যপদ পূরণ হয়েছে, এমনই তথ্য দিয়েছেন কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। চলতি বছরে নিয়োগ হয়েছে ৪৩,২৩০ টি শূন্যপদে। এছাড়াও ২০০২-২০০৫ থেকে ২০১৩-২০১৪ আর্থিক বর্ষে নিয়োগ হয়েছে ৪ লাখ ১১ হাজার প্রার্থী। ২০১৪-২০১৫ থেকে ২০২৪-২০২৫ আর্থিক বর্ষে নিয়োগ হয়েছে ৫ লাখ ৮ হাজার প্রার্থী। কোন কোন পদে লোক নেওয়া হয়েছে, তা নিয়ে বিস্তারিত তথ্য দেওয়া হল :

**অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট (বিজ্ঞপ্তি নং ১/২০২৪)** পদে ১৮,৭৯৯টি শূন্যপদের জন্য প্রার্থী বাছাই পরীক্ষা নিয়ে চূড়ান্ত মেধা তালিকায় নাম আছে ১৫,৮৭৩ জনের। এই পদের প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট ১৮,৪০,৩৪৭ জন ও দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট ২,৬৬,৩৬৩ জন আর কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্ট ১,৩২,০৪৪ জন প্রার্থী পরীক্ষা দিয়েছিলেন।

**অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট (বিজ্ঞপ্তি নং ১/২০২৫)'এর** ৯,৯৭০টি শূন্যপদের জন্য প্রথম পর্যায়ের

এরপর ৭ পাতায়

## ভারতীয় টাঁকশালে ৭৬ অফিস অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, নয়ডা :** ভারতীয় টাঁকশাল বিভাগ 'জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট' ও 'জুনিয়র টেকনিশিয়ান' পদে ৭৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদে আবেদনের যোগ্য :

**জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৪০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : আই.জি.এম.এম. -এ ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। আই.জি.এম.এইচ.-এ ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। আই.জি.এম.এন-এ ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**জুনিয়র টেকনিশিয়ান (ফিটার) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ

এরপর ৩ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ৭৮ জুনিয়র এক্সিকিউটিভ

**নিজস্ব সংবাদদাতা, বেঙ্গালউরু :** কেন্দ্রীয় সরকারি সংস্থা বি.ই.এম.এল. লিমিটেড 'জুনিয়র এক্সিকিউটিভ' পদে ৭৮ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**জুনিয়র এক্সিকিউটিভ (মেকানিক্যাল, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল) :** মেকানিক্যাল, প্রোডাকশন বা, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৪ বছরের চুক্তিতে নেওয়া হবে ২৫টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। ১ বছরের চুক্তিতে নেওয়া হবে ৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১)।

**জুনিয়র এক্সিকিউটিভ (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে

এরপর ২ পাতায়

## ৮০ অপারেটর

**নিজস্ব সংবাদদাতা, বোলাঙ্গির :** বাদমল অর্ডন্যান্স ফ্যাক্টরি 'ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার' ট্রেডে ৮০ জন লোক নিচ্ছে। আই.টি.আই. থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডের

এরপর ২ পাতায়

## প্রতিরক্ষা সংস্থায় ৫০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নাগপুর :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ভান্ডারা অর্ডন্যান্স ফ্যাক্টরি 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' হিসাবে ৫০ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য : কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল,

এরপর ৭ পাতায়

### দামোদর ভ্যালি কর্পোরেশনে

## ১৬ ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** দামোদর ভ্যালি কর্পোরেশন 'এক্সিকিউটিভ ট্রেনি' পদে ১৬ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদন করতে পারবেন:

**এক্সিকিউটিভ ট্রেনি (আই.টি.) :** ইনফর্মেশন টেকনোলজি বা, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫%

এরপর ৭ পাতায়

### উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে

## বহরমপুরে ১০ ও ১১ এপ্রিল ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

**নিজস্ব প্রতিনিধি, বহরমপুর :** এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে ভালো কেরিয়ার তৈরি করা যাবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো মাইনের চাকরি পাওয়া যায়। এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই /

এরপর ২ পাতায়

অল্প খরচে LAW পাশ করে আইনজীবী হিসাবে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করে তুলুন



LL.B (3yrs.) Direct Admission

LL.B (3rs.) যে কোনো বয়সে

যোগ্যতা

যে কোনো University-র Graduate (Regular / Open / Distance) ও 45% নম্বর, SC/ST – 40%

LL.B (5 yrs.), LL.M, Ph.D (LAW)

AIBE পাশের দায়িত্ব নিয়ে পড়ানো হয়

ল' পয়েন্ট



১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯, শ্রদ্ধানন্দ পার্কের পাশে

9830132343 / 9836922534 / 6290760935

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

### স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.

R

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213

CM

### স্কুল-কলেজ-শিক্ষা

শ্যামপুর, হাওড়া। 3 মাসের RO Water Purifier কোর্স করুন। সম্পূর্ণ প্র্যাকটিক্যাল সহ দৈনিক আয় : 700+ সম্ভব। ভর্তি চলছে, সিট সীমিত। M - 9641732606

SH

Regular/Distance/Online Mode-এ আপনার মূল্যবান ডিগ্রি অর্জন করুন এবং কর্মক্ষেত্রে সুবিধা নিন — ভর্তি চলছে UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে BA, MA, BSc, MSc, LLB, BEd, MEd, MBA, Dip., B.Tech, M.Tech, Ph.D, MP, HS – Bright Future, আরামবাগ, বর্ধমান, কোলকাতা-8373010007

S

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆:7890135514

### কর্মখালি

**আর্জেন্ট জয়েনিং**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন সরকারি পোস্টে নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/-- 72,900/-. H.R.- 9242127454

SA

সিকিউরিটি গার্ড, সুপারভাইজার চাই। ৫'৬'' মাধ্যমিক পাস +১২০০০ টাকা থেকে শুরু, পি এফ, ই এস আই, ছুটি সহ। ৭, দেওদর স্ট্রিট, কলকাতা ৭০০০১৯, হাজরা রোড। ৯৮৩০৯৮১০৯৪।

MS

### কর্মখালি

WBSEDCL – কন্ট্রাক্টরের অধীনে নিজের জেলায় আর্জেন্ট জব। স্যালারি : 28K–86K, মোট আসন : 3586, PF, ESI, বোনাস। M/F নিয়োগ। যোগ্যতা : 8th–স্নাতক। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 8512941407

SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### কর্মখালি

Race Dental Lab-এ Official & Marketing Job-এর জন্যে অভিজ্ঞ লোক চাই। যোগাযোগ : 8240029816, 9933305655

SH

**আর্জেন্ট নিয়োগ**
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিশিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : (M.P.– স্নাতকোত্তর)। বেতন : (18,500 – 62,900/-), PF, ESI, বোনাস-সহ থাকা ও খাওয়ার সুবিধা। M : 7890147824

SA(A)

### কর্মখালি

**100% জব ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে জরুরীভিত্তিক বিভিন্ন পদে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : (M.P – স্নাতকোত্তর)। বেতন : (18,500 – 62,900), PF, ESI, বোনাস-সহ বিশেষ সুবিধা। M : 9073791630

SA(A)

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়। — সম্পাদক, **কর্মসংস্থান**

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## বহরমপুরে কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে।

সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ১০ ও ১১ এপ্রিল, শুক্রবার ও শনিবার বহরমপুর শহরের 'জলসাঘর'এ (বহরমপুর শিল্পতালুক, বহরমপুর স্টেশনের পাশে)) এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
WBCS প্রিলিমিনারি
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল
প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
প্রতিটি মাত্র ~~টাকা~~ ৩০০/-টাকা

## কেন্দ্রে ২৪৩ সায়েন্টিস্ট

১ পাতার পর

কম্পিউটার সায়েন্স অ্যান্ড আই.টি. ১৬৮টি (জেনাঃ ৭০, ও.বি.সি. ৪৫, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ১২, ই.ডব্লু.এস. ১৬, প্রতিবন্ধী ৮)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ২৫টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২, প্রতিবন্ধী ১)। ডাটা সায়েন্স অ্যান্ড এ.আই. ৫০টি (জেনাঃ ২২, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৫, প্রতিবন্ধী ২)।
বিজ্ঞপ্তি নং : NIC/SCB/2026/1.
প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল নিয়ে যাবেন। বিস্তারিত শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।
দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.recruitment.nic.in এজন্য পরীক্ষা ফী বাবদ ৮০০ (তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## কেন্দ্রীয় সংস্থায় ৭৮ জুনিয়র এক্সিকিউটিভ

১ পাতার পর

যোগ্য। শূন্যপদ : ৪ বছরের চুক্তিতে নেওয়া হবে ২৭টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)। ১ বছরের চুক্তিতে নেওয়া হবে ৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১)।
**জুনিয়র এক্সিকিউটিভ (ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ইন্সট্রুমেন্টেশন)** : ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৪ বছরের চুক্তিতে নেওয়া হবে ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ১ বছরের চুক্তিতে নেওয়া হবে ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।
ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ৭-৪-২০২৬'এর হিসাবে ২৯ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে প্রথম বছর মাসে ৩৫,০০০ টাকা, দ্বিতীয় বছর মাসে ৩৭,৫০০ টাকা, তৃতীয় বছর মাসে ৪০,০০০ টাকা, চতুর্থ বছর মাসে ৪৩,০০০ টাকা। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। ১ ঘন্টার লিখিত পরীক্ষায় ৬০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে টেকনিক্যাল এবিলিটি বিষয়ে। নেগেটিভ মার্কিং নেই। লিখিত পরীক্ষায় ৪৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : KP/S/03/2026, Date: 25.03.2026.
দরখাস্ত করবেন অনলাইনে, ৭ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.bemlindia.in অনলাইনে দরখাস্ত করার আগে পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৮০ অপারেটর

১ পাতার পর

সার্টিফিকেট কোর্স পাশরা কোনো অর্ডন্যান্স ফ্যাক্টরিতে সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ করে থাকলে আবেদন করার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৬-৬-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৮০টি (জেনাঃ ৩৩, ও.বি.সি. ২১, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৮টি। ১ বছরের ট্রেনিং। যা আরো ৪ বছর পর্যন্ত বাড়তে পারে।
প্রার্থী বাছাই হবে ট্রেড টেস্ট বা, প্র্যাক্টিক্যাল টেস্ট-এর মাধ্যমে। ট্রেড টেস্টে থাকবে ১০০ নম্বর। মেধা তালিকা তৈরির সময় আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর ও প্র্যাক্টিক্যাল টেস্টে পাওয়া নম্বর দেখা হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 1002/Tenure/DBW/PER(RC)/OFBL /2026..
দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://munitionsindia.co.in
দরখাস্তের সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল আর নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। কোনো পরীক্ষা ফী দিতে হবে না। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Tenure Based CPW Personnel on Contract Basis'. দরখাস্ত পাঠাবেন স্পিড ডাকে। পৌঁছনো চাই ১৬ জুনের মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, Ordnance Factory Badmal, P.O. Badmal, District: Bolangir, Pin-767070, Odisha.

### কলকাতার ১২৫টি আইটি কোম্পানিতে

# AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে ৩০,২৯২ চাকরি

## শুরুতেই মাইনে বছরে ৪ থেকে ৫ লাখ টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা WIPRO এর সিইও শ্রীনি পাল্লিয়া ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৩ মাসে ৮,৩৭২ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৫,৫০০ নিয়োগ হয়েছে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের ডিজিটাল মার্কেটিংয়ে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৫,০০০ থেকে ৭,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ১৫০ থেকে ২০০ নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৬ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে AI বেসড ডিজিটাল মার্কেটিং মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৪ থেকে ৫ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(i) SEO (Search Engine Optimization), (ii) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩০.০৪.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৩০ থেকে ৪০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে ডিজিটাল মার্কেটিংয়ে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর ওপর ৬ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে ডিজিটাল মার্কেটিং-এর ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য SEMrush বা Google Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৩) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ ট্যুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৪) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৫) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation আলাদাভাবে শেখানো হয়। যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে এই মুহূর্তে শেখানো হয় না। এই ট্যুলস জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৪,০০,০০০ থেকে ৫,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৬) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৭) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৮) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১০) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে মনে রাখতে হবে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, DN-10, Sector-V, Salt Lake, 700091

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ২,৪০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৪,০০,০০০ টাকা থেকে ৫,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি মাসে ৪০টি থেকে ৫০টি কোম্পানিতে ১,৫০০ থেকে ২,৫০০ চাকরি হয়।**

## ভারতীয় টাঁকশালে ৭৬

১ পাতার পর

হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : আই.জি.এম.এম.-এ ১৮টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪)। আই.জি.এম.কে.-এ ১৩টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ৩)। আই.জি.এম.এইচ. -এ ১৩টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)। আই.জি.এম.এন -এ ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)।

**জুনিয়র টেকনিশিয়ান (অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্ল্যান্ট) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কেমিক্যাল প্ল্যান্ট অপারেটর, অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : আই.জি.এম.এম. -এ ৩টি (জেনাঃ)।

**জুনিয়র টেকনিশিয়ান (টার্নার) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে টার্নার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : আই.জি.এম.এম. -এ ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। আই.জি.এম.কে. -এ ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। আই.জি.এম.এন -এ ২টি (জেনাঃ)।

**জুনিয়র টেকনিশিয়ান (কার্পেন্ট্রি) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : আই.জি.এম.এম -এ ১টি (ও.বি.সি.)।

**জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : আই.জি.এম.এম -এ ২টি (তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**জুনিয়র টেকনিশিয়ান (গোল্ডস্মিথ) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে গোল্ডস্মিথ ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশরা ১ বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিস সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা ১ বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : আই.জি.এম.এইচ -এ ১টি (জেনাঃ)।

**জুনিয়র টেকনিশিয়ান (মেল্টার) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফাউন্ড্রি ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : আই.জি.এম.কে-এ ২টি (জেনাঃ)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ২৭-৪-২০২৬'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, ট্রেড টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা হবে মে-জুন মাস নাগাদ। টাইপিং টেস্ট হবে জুন-জুলাই মাসে। ফল বেরোবে জুলাই-আগস্ট মাসে। দরখাস্ত করবেন অনলাইনে ২৭ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : https://igmnoida.spmcil.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১;০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

BINAYAK GROUP OF COMPANIES
Office: - Baharu Bazar, Joynagar, South 24 Parganas.
URGENT REQUIREMENT
(Salary as per Qualification & Experience)
• PA-(1) • FMCG [EXP - South 24 Parganas] : ■ Marketing Manager - (1) ■ Sales Executive - (5) ■ Stock Manager - [B.Com](4) ■ Accountant-[B.Com/M.Com] (2) ■ School & Health Care Experience : ■ School Operation Head(1) ■ Head Counselor(1) ■ Health Care Industries Sales Manager (1) ■ B.D.M. - (2)
M: 9732795538
E-mail Id : binayak.kalpashreeenterprise@gmail.com

Affiliated college to a State University of West Bengal Government since 2003
- Practical Training in Government Hospital
- Compulsory Internship in Government Hospital
- Regular Periodical Test / Mock Test
- Well Equipped Laboratories
- Gym
- On hand Training in College OPDs
- Experienced Faculty
- Dynamic Placement Cell
- Full AC Campus with modern amenities


Prof. (Dr.) Tapan Kumar Adhikary

Admission going on in different Allied Health Science courses
• O.T. • Optometry • Dialysis • Physiotherapy
• Anaesthesia • Critical Care • Pathology
• Dental Technology & Oral Hygiene
• Medical Radiology • Physician Assistant & E.D.
• Sanitary Inspection • Basic Practical Nursing
• C.M.S. & E.D.
Pioneer in Healthcare Education Sector

DR. K. R. ADHIKARY COLLEGE OF OPTOMETRY AND PARAMEDICAL TECHNOLOGY
Affiliated to UNIVERSITY OF KALYANI
WEBEL IT Park (Phase-II), Near Buddha Park, Kalyani, Nadia, 741235
Website : www.kradhikarycollege.co.in
Phone : 033-25809369 | Mobile: 9339218894
● 9477425536 ● 8100149510

# পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশনের ক্লার্ক পদের জন্য কীভাবে প্রস্তুতি নিলে সফল হবেন

*পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক পদে কয়েক হাজার লোক নেওয়া হবে। দরখাস্ত নেওয়ার বিজ্ঞপ্তি বেরিয়ে গেছে ১০ মার্চ। তবে কোথায় কীভাবে দরখাস্ত করতে হবে তা এখনো মাদ্রাসা সার্ভিস কমিশনের ওয়েবসাইটে জানানো হয়নি। কিন্তু পরীক্ষার প্রস্তুতির জন্য সময় পাবেন মাত্র মাস পাঁচেক। প্রস্তুতির ব্যাপারে অবহেলা করে সুযোগ নষ্ট করবেন না। এই পরীক্ষায় কোন কোন বিষয় থাকবে ও তার জন্য কীভাবে এই মাস পাঁচেক ধ্যান দিয়ে প্রস্তুতি নেবেন, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

রাজ্য সরকার অনুমোদিত মাদ্রাসায় ক্লার্ক পদে নিয়োগের জন্য পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন সম্প্রতি তাদের অফিসিয়াল ওয়েবসাইটে নিয়োগের নতুন বিজ্ঞপ্তি বের করেছে। এটি রাজ্যের মাদ্রাসাগুলিতে নন-টিচিং পদে নিয়োগের এক বিশাল সুযোগ। যাঁরা সরকারি চাকরির স্বপ্ন দেখছেন, তাঁদের জন্য এ এক সুবর্ণ সুযোগ।

**নিয়োগ কর্তৃপক্ষ :** পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন

**পদের নাম :** ক্লার্ক

**পরীক্ষার নাম :** 2nd SLST (Non-Teaching Staff)

**আবেদনের মাধ্যম :** অনলাইন অফিসিয়াল ওয়েবসাইট www.wbmsc.com

১৮ থেকে ৪০ বছর বয়সের ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারবেন। আবেদন শুরুর তারিখ, শূন্যপদ সম্পর্কিত ঘোষণার জন্য ওয়েবসাইটের দিকে নজর রাখতে হবে।

**ন্যূনতম যোগ্যতার মানদণ্ড :**

শিক্ষাগত যোগ্যতা

**১।আবশ্যিক :** মাধ্যমিক / হাই মাদ্রাসা / আলিম পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় পাশ করতে হবে। কম্পিউটার পরিচালনা ও টাইপিং সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে - সরকার স্বীকৃত যেকোনো প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ১ বছর মেয়াদের কম্পিউটার কোর্সের ডিপ্লোমা বা সার্টিফিকেট থাকতে হবে।

**২। বাঞ্ছনীয় (Desirable):** মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা, ইসলামী পড়াশোনা ও সংস্কৃতি সম্পর্কে জ্ঞান থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।

পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশনের ক্লার্ক নিয়োগে মোট ২টি পর্যায়ে নির্বাচন প্রক্রিয়া হয়:

১. প্রিলিমিনারি পরীক্ষা - ১০০ নম্বর

২. মেইন পরীক্ষা - ৭০ নম্বর

**গুরুত্বপূর্ণ নোট:** প্রিলিমিনারি পরীক্ষায় পাওয়া নম্বর মেইন পরীক্ষার নম্বরের সঙ্গে যোগ করা হবে না। প্রিলিমিনারি শুধুমাত্র বাছাই পর্যায় হিসাবে কাজ করবে।

সমস্ত পরীক্ষাগুলি অফলাইনে OMR sheet-এ হবে।

টাইপিং টেস্ট ও কম্পিউটার টেস্ট (Typing Computer & Test)

ক্লার্ক পদে নির্বাচন প্রক্রিয়ায় মোট ২০ নম্বরের ২টি আলাদা কম্পিউটার পরীক্ষা রয়েছে:

কম্পিউটার টাইপিং টেস্ট - ১০ নম্বর

বাংলা ও ইংরেজি উভয় ভাষায় নির্দিষ্ট গতিতে টাইপিং দক্ষতা যাচাই করা হবে।

নিয়মিত বাংলা ও ইংরজি টাইপিং প্র্যাকটিস করা জরুরি।

কম্পিউটার প্রফিসিয়েন্সি টেস্ট - ১০ নম্বর

MS Word, MS Excel, ইন্টারনেট ব্রাউজিং-সহ সামগ্রিক কম্পিউটার দক্ষতা পরীক্ষা করা হবে।

যোগ্যতার শর্ত হিসাবে কম্পিউটার কোর্সের সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক।

**পরামর্শ :** এই ২০ নম্বর চূড়ান্ত মেরিটে সরাসরি প্রভাব ফেলবে - তাই টাইপিং ও কম্পিউটার প্র্যাকটিসকে অবহেলা করবেন না।

ইন্টারভিউ - ১০ নম্বর

মোট (মেইন + টাইপিং + প্রফিসিয়েন্সি + ইন্টারভিউ) = ১০০ নম্বর

**পরীক্ষার সিলেবাস :**

প্রিলিমিনারি পরীক্ষা - ১০০ নম্বর

প্রিলিমিনারিতে সাধারণত নীচের এইসব বিষয় থেকে প্রশ্ন আসে:

**১. General Awareness**

ভারতীয় ইতিহাস ও ভূগোল

পশ্চিমবঙ্গের ইতিহাস ও ভূগোল

ভারতীয় সংবিধান সম্পর্কিত প্রাথমিক জ্ঞান

মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা ও ইসলামী সংস্কৃতি

পরিবেশ সচেতনতা

বর্তমান ঘটনাবলি (Current Affairs)

খেলাধুলা ও বিজ্ঞান

**২. General English**

Grammar: Prepositions, Tense, Voice, Narration

Synonyms ও Antonyms

Sentence Correction ও Error Detection

**৩. Arithmetic** (দশম শ্রেণির মানের প্রশ্ন)

LCM ও HCF

সরলীকরণ, শতকরা, গড়

অনুপাত ও সমানুপাত

কাজ ও সময়, গতি ও দূরত্ব

লাভ ও ক্ষতি, সরল সুদ

**৪. Logical Reasoning** (ধারাবাহিক ক্রম ও চিত্র সিরিজ)

Odd One Out

Puzzle Matching

মেইন পরীক্ষা - ৭০ নম্বর

মেইন পরীক্ষায় আরও গভীর ও বিস্তারিত প্রশ্ন করা হয়। প্রিলিমিনারির সব বিষয়ের ওপরেই মেইন পরীক্ষার প্রশ্নও হয়, তবে মানের দিক থেকে কঠিন হতে পারে।

**বেতন :** শুরুতে বেতন প্রায় ২৯,১০০ টাকা

সঠিক প্রস্তুতি ও নিয়মিত প্র্যাকটিসের মাধ্যমে এই পরীক্ষায় সফল হওয়া সম্ভব। তাই যাঁরা 'মাদ্রাসা ক্লার্ক' পদে আবেদন করতে চান, তাঁরা এখন থেকেই সিলেবাস অনুযায়ী পড়াশোনা শুরু করুন ও নিয়মিত Mock Test ও Previous Year Questions প্র্যাকটিস করুন। সঠিক পরিকল্পনা ও ধারাবাহিক প্রস্তুতির মাধ্যমে এই পরীক্ষায় সফল হওয়া পুরোপুরি সম্ভব।

**প্রস্তুতি কৌশল :**

**বিষয়ভিত্তিক পড়াশোনা :**

**সাধারণ জ্ঞান (GK) ও কারেন্ট অ্যাফেয়ার্স :** দৈনিক সংবাদপত্র পড়ুন ও সাম্প্রতিক ঘটনাবলীর নোট তৈরি করুন।

**গণিত :** অষ্টম থেকে দশম শ্রেণীর পাটিগণিত ও বীজগণিতের মূল ভিত্তি মজবুত করুন।

**ইংরিজি :** বেসিক গ্রামার, ভোকাবুলারি ও কম্প্রিহেনশনের ওপর জোর দিন।

**কম্পিউটার দক্ষতা :** ক্লার্ক পদের জন্য কম্পিউটার পরিচালনা ও টাইপিং জ্ঞান আবশ্যিক। প্রতিদিন বাংলা ও ইংরিজি টাইপিং প্র্যাকটিস করুন।

**মক টেস্ট ও রিভিশন :** নিয়মিত মক টেস্ট দিন ও সব ভুল শুধরে নিন। সময়ের মধ্যে পরীক্ষা শেষ করার অভ্যাস করুন।

ব্যাঙ্ক, রেল, ইউ.পি.এস.সি., ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## ৫৬,২৩২ AI বেসড ওয়েব ডিজাইনার

১ পাতার পর

করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা।

পদ : AI বেসড ওয়েব ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১৫,০০০/- - ১৮,০০০/- টাকা।

উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩০.০৪.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (অক্টোবর - ডিসেম্বর) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৫৭,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **AI based Web Designer** ও **AI based Graphics Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **Web Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **Web Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX** ডিজাইনার লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা ট্যুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি হয়।**

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?**

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং ও ওয়েব ডিজাইনিংয়ের ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। **শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও এই ট্রেনিং নিতে পারবেন।** সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই,** যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে **গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ 'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **AI** বেসড ওয়েব ডিজাইনিং ও **AI** বেসড গ্রাফিক্স ডিজাইনিং এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই AI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT, Gemini মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Frendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে **৪টি AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই ওয়েব ডিজাইনিং ও UI / UX ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX** ডিজাইনিং (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা **ওয়েব ডিজাইনিং (UI / UX ডিজাইন সহ)** ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ১৫,০০০/- - ১৮,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'ওয়েব ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই AI বেসড ওয়েব ডিজাইনিং শিখতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রি ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **AI Web Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) ওয়েব ডিজাইনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা গ্রাফিক্স ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে মনে রাখতে হবে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এইরাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

## কয়েক হাজার প্রাথমিক ও উচ্চপ্রাথমিক

১ পাতার পর

২ বছরের ডি.এল.এড. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের বি.এল.এড. কোর্স পাশ হলেও যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ২ বছরের ডি.এল.এড. কোর্স পাশ হলেও যোগ্য। উচ্চমাধ্যমিক পাশরা স্পেশাল এডুকেশনের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য।

**আপার প্রাইমারি টিচার (ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি) :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা বি.এড. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ২ বছরের ডি.এল.এড. কোর্স পাশ হলেও যোগ্য। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের বি.এল.এড. / বি.এ.এড / বি.এসসি. এড. কোর্স পাশ হলেও যোগ্য।

ওপরের সব ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি নম্বরে ছাড় পাবেন। বয়স হতে হবে ১-৮-২০২৬'এর হিসাবে ন্যূনতম ২১ বছর। সর্বাধিক বয়সের কোনো কড়াকড়ি নেই।

প্রার্থী বাছাই করবে ঝাড়খণ্ড অ্যাকাডেমিক কাউন্সিল। ২০২৬ সালের 'ঝাড়খণ্ড টিচার এলিজিবিলিটি টেস্ট বা, 'JTET'-এর মাধ্যমে। এই 'JTET' হবে জুন-জুলাই মাস নাগাদ।

প্রাইমারি টিচার পদের জন্য মোট ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে আড়াই ঘন্টা। প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট ও পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। (২) প্রথম ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)। (৩) দ্বিতীয় ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)। (৪) অঙ্ক বিষয়ে ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৫) এনভায়রনমেন্টাল স্টাডিজ-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন।

আপার প্রাইমারির বেলায় মোট দেড় ঘন্টার ১৫০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট ও পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। (২) প্রথম ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)।
(৩) দ্বিতীয় ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)।
(৪) (এ) এছাড়াও অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় দিতে হবে অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা।
(৪) (বি) সোশ্যাল স্টাডিজ (ইতিহাস, ভূগোল, রাষ্ট্রনীতি) বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় দিতে হবে সোশ্যাল স্টাডিজ বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা।

দুই ক্ষেত্রেই এই ১৫০ নম্বরের 'JTET' পরীক্ষায় জেনারেল, ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ৬০% (ও.বি.সি. হলে ৫৫%, তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫২%) নম্বর পেলে 'JTET' কোয়ালিফাই করতে পারবেন ও 'JTET' পাশের সার্টিফিকেট পাবেন। কোনো পেপারেই নেগেটিভ মার্কিং নেই। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। 'JTET'এ সফল হওয়ার পর ঝাড়খণ্ড স্টাফ সিলেকশন কমিশন আবার শূন্যপদ জানিয়ে বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেবে। তখন 'JTET' কোয়ালিফাই প্রার্থীরা সরাসরি ইন্টারভিউয়ে ডাক পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ এপ্রিল থেকে ২১ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.jac.jharkhand.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার ১০-৩০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,৩০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৭০০) টাকা আর উভয় পদের জন্য ১,৫০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৮০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। দরখাস্ত করার আগে মূল বিজ্ঞপ্তি ভালো করে পড়ে নেবেন।

## TET — ভবিষ্যতে শিক্ষক হওয়ার দিশারি

মহামান্য সর্বোচ্চ ন্যায়পীঠের আদেশানুসারে আমরা সকলেই অবগত আছি যে, 'No TET, No Teacher'. তাই আগামী দিনে আপনি যে পদমর্যাদার শিক্ষক পদেই যোগ দিতে চান না কেন, টেটের গণ্ডী আপনাকে ওতরাতেই হবে। এমনকী, পূর্বতন নিয়োগপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাদেরও এই পরীক্ষার গণ্ডি ওতরানো আবশ্যক। টেট একটি বহুধা বিস্তৃত পরীক্ষা পর্যায়। কীভাবে একচান্সে এই পরীক্ষায় সফল হওয়া সম্ভব এব্যাপারে কলম ধরলেন, বিশিষ্ট শিক্ষক তথা লেখক এবং ক্যাসেস্ এডুকেশন, শিয়ালদহের মাননীয় কর্মাধ্যক্ষ টি. কে. মিত্র মহাশয়।

প্রথমেই বলব টেট শিক্ষক নিয়োগের কোনো পরীক্ষা নয়, সামগ্রিকভাবে শিক্ষক হওয়ার এক ছাড়পত্র। এর বিভিন্ন পর্যায় যেমন সেন্ট্রাল, প্রাইমারি, আপার প্রাইমারি প্রভৃতি লক্ষ্য করা যায়। আমাদের রাজ্যে তা অনিয়িমিত হয়ে পড়লেও, সেন্ট্রাল বা বিভিন্ন পার্শ্ববর্তী রাজ্যে তা নিয়মিত হয়ে চলেছে। এই পরীক্ষায় একচান্সে সাফল্য পেতে ক্যাসেস্ এডুকেশন চালু করেছে 'CACES Comprehensive TET Programme' (CCTP) কোর্সটি। ইহা একটি বিজ্ঞানভিত্তিক ও সাফল্যসূচক কোর্স, যা বিভিন্ন ধরনের টেট পরীক্ষার উপর আলোকপাত করে। এই কোর্সে ভর্তি হয়ে টিম ক্যাসেসের বিশেষজ্ঞমণ্ডলীর সান্নিধ্যে এলে আসন্ন প্রাইমারি/আপার প্রাইমারি (পশ্চিমবঙ্গ), সেন্ট্রাল এবং পার্শ্ববর্তী রাজ্য (ঝাড়খণ্ড) টেট পরীক্ষায় একচান্সে পাশ করা সম্ভব। CCTP কোর্স সম্পর্কে আরো তথ্য পেতে এবং নাম এনরোল করতে সরাসরি চলে আসুন এই ঠিকানায় অথবা ফোন করুন এই নম্বরে। আসনসংখ্যা সীমীত। CACES Education, 35, APC Road (Near Jagat Cinema), Kol-9. W.App: 9062756906, 9123325910.

## রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে মাধ্যমিক কোর্সে ভর্তি শুরু

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ সরকারের অধীন সংস্থা, পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদে 'মাধ্যমিক' কোর্সে ভরতি শুরু হয়েছে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা আর পড়াশোনা না করে থাকলে এখান থেকে মাধ্যমিক পাশ করতে পারেন। যাঁরা মাধ্যমিক পরীক্ষায় সফল হতে পারেননি, তাঁরাও এখান থেকে মাধ্যমিক পাশ করতে পারেন। বয়স হতে হবে ১ জুনের হিসাবে অন্তত ১৪ বছর। ভরতি নেওয়া হয় বছরে দু'বার জুন ও ডিসেম্বরে। এখন ভরতি নেওয়া হচ্ছে জুন সেশনের জন্য। পশ্চিমবঙ্গের প্রায় ২০০টির বেশি শিক্ষা প্রতিষ্ঠানে এই কোর্সে ভরতির সুযোগ পাবেন। মাধ্যমিকে মোট ১১টি বিষয় আছে : বাংলা, ইংরিজি, অঙ্ক, ভৌতবিজ্ঞান, জীবনবিজ্ঞান, ইতিহাস, ভূগোল, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, গৃহবিজ্ঞান, বাণিজ্য বিজ্ঞান। ওপরের ওইসব বিষয় থেকে অন্তত ৭টি আবশ্যিক বিষয় আর ১টি অতিরিক্ত বিষয় নিতে হবে। ভরতির সময় সব বিষয়গুলি একসঙ্গে নিতে হবে এমন কোনো নিয়ম নেই। ভরতির দু'মাসের মধ্যে এক বা, একাধিক বিষয় নিতে পারবেন। ভরতির ৬ মাস বা, তার পরে সাধারণ ভরতির সময় আবার নতুন বিষয় নিতে পারবেন। তবে সেক্ষেত্রে বিষয় নেওয়ার ১ বছর পর সেই বিষয়ে পরীক্ষা দিতে পারবেন। সব বিষয়ের পরীক্ষা একই সঙ্গে দিতে পারবেন। তবে প্রস্তুতি ঠিক না হলে ৫ বছর ধরে বছরে দু'বার করে মোট ৯ বার পরীক্ষা দিয়ে সফল হতে পারবেন। বাংলা বিষয়ের প্রতিটি পত্রে ১০০ হিসাবে দু'টি পত্রের পূর্ণমান ২০০। পাশ নম্বর একত্রে ৬৮। অন্যান্য বিষয়ের পূর্ণমান ১০০ ও পাশ নম্বর ৩৪। ৭টি আবশ্যিক বিষয় নিয়ে যাঁরা মাধ্যমিক পরীক্ষায় পাশ করবেন, তাঁদের মাধ্যমিক পাশের সার্টিফিকেট দেওয়া হবে। এই সার্টিফিকেট মাধ্যমিক পাশের সমতুল হিসাবে ধরা হবে। ওপরের ৭টি বিষয়ে পাশ না করলে অন্যান্য বিষয়ের পাশকে শুধু পাশ হিসাবে ধরা হবে। এজন্য মার্কশীট পেলেও সার্টিফিকেট পাবেন না। অতিরিক্ত বিষয়ে প্রাপ্তনম্বর থেকে ৩৪ নম্বর বাদ দিয়ে বাকি নম্বর মোট প্রাপ্তনম্বরের সঙ্গে যোগ করা হবে। এবছর জুনে ভরতি হলে পরের বছর জুনে পরীক্ষা দিতে পারবেন। এখান থেকে মাধ্যমিক পাশ করলে পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদে যেমন উচ্চমাধ্যমিক কোর্সে ভরতি হতে পারবেন, তেমন পশ্চিমবঙ্গ উচ্চ শিক্ষা সংসদ স্বীকৃত যে কেনো প্রতিষ্ঠানে উচ্চমাধ্যমিক কোর্সেও ভরতির সুযোগ পাবেন। ভরতির সময় যাবতীয় বই-পত্র দেওয়া হবে। ক্লাস হয় সাধারণত ছুটির দিন বা, কাজের দিন সন্ধ্যাবেলায়।

দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : www.wbcros.ac.in দরখাস্ত করার শেষ তারিখ ২ ২জুন। কোন কোন স্টাডি সেন্টারে ফর্ম পাবেন তার তালিকা ওয়েবসাইটে পাবেন কিংবা নিচে দেওয়া সংসদের অফিসে পাবেন। পূরণ-করা ফর্মের সঙ্গে দেবেন : (১) বয়সের প্রমাণপত্র হিসাবে জন্ম-সার্টিফিকেট / কোনো অনুমোদিত বিদ্যালয়ে ভরতি হয়ে থাকলে তার রেজিস্ট্রার থেকে প্রমাণপত্র / পুর প্রতিষ্ঠানের উপযুক্ত কর্তৃপক্ষ, চেয়ারম্যান, মেয়র কিংবা গ্রাম পঞ্চায়েত প্রধানের থেকে নির্দিষ্ট ফর্মে জন্ম-তারিখের প্রমাণপত্র (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার বা, অনুমোদিত বিদ্যালয় বা, কলেজের প্রধানের প্রত্যায়িত করা হতে হবে), (২) শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র হিসাবে ক্লাস এইট পাশ সার্টিফিকেট বা, এইট পাশ পর্যন্ত স্বশিক্ষিত হলে শিক্ষার্থীর নিজের লিখিত বিবৃতি দিতে হবে, (৩) স্কুল লিভিং সার্টিফিকেট, (৪) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের সাদাকালো ফটো (নিজের সই করা)। পূরণ-করা ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ৫ মে। সংসদের অফিসের ঠিকানা : পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ, বিকাশভবন, তৃতীয় তল, পূর্বপার, বিধাননগর, কলকাতা-৯১।


এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

থাকছে ফ্রি টিফিন

# কেরিয়ার ফেয়ার

জলসাঘর, বহরমপুর (বহরমপুর রেল স্টেশনের পাশে), মুর্শিদাবাদ

সময় : সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

১০ ও ১১ এপ্রিল, ২০২৬ (শুক্রবার ও শনিবার)




Sponsored by :
PRAGATI
SKILL DEVELOPMENT TRAINING PROVIDER




বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**৬ জানুয়ারি :** ভারতীয় সশস্ত্র বাহিনীর জন্য একটি গুরুত্বপূর্ণ দেশীয় প্রযুক্তি তৈরি করেছে ডিআরডিও। রাজস্থানের যোধপুরের প্রতিরক্ষা পরীক্ষাগার 'সী ওয়াটার ডিস্যালিনেশন সিস্টেম' (SWaDeS) তৈরি করেছে। এটি সমুদ্রের জলকে পানযোগ্য করে তুলতে পারে। সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর অপারেশনাল চাহিদা মেটাতে এটি তৈরি করা হয়েছে। SWaDeS বিশেষভাবে প্রত্যন্ত উপকূলীয় অঞ্চল, দ্বীপপুঞ্জ ও সামুদ্রিক মিশনে কাজে লাগবে, যা বহনযোগ্য ও দ্রুত স্থাপনযোগ্য আর এটি জরুরি পরিস্থিতিতে সহজেই ব্যবহার করা যেতে পারে। এই ব্যবস্থাটি ২০ থেকে ২৫ জন সেনার দৈনিক পানীয় জলের চাহিদা পূরণ করতে পারে।



কর্ণাটকের সবথেকে বেশি দিনের মুখ্যমন্ত্রী হিসাবে রেকর্ড গড়লেন সিদ্দারামাইয়া। এদিনের হিসাব অনুযায়ী, ৭৭ বছর বয়সি এই কংগ্রেস নেতা ২,৭৯২ দিন ধরে রাজ্যের দীর্ঘদিনের মুখ্যমন্ত্রী হিসাবে দেবরাজ উরস'এর রেকর্ড ভেঙেছেন।

**৭ জানুয়ারি :** ২০২৬ সালকে 'আন্তর্জাতিক চারণভূমি ও পশুপালকদের বছর' হিসাবে ঘোষণা করল 'রাষ্ট্রসঙ্ঘ'। কার্বন শোষণ ও জীববৈচিত্র্যের জন্য গুরুত্বপূর্ণ, কিন্তু অবহেলিত বাস্তুতন্ত্রগুলিকে তুলে ধরতে এই পদক্ষেপ নিয়েছে রাষ্ট্রসঙ্ঘ। এই উদ্যোগের লক্ষ্য হল, চারণভূমি ও সেগুলির রক্ষক হিসাবে পশুপালকদের অপরিহার্য গুরুত্ব সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা বাড়িয়ে তোলা। প্রসঙ্গত উল্লেখ্য, তৃণভূমি, সাভানা, গুল্মভূমি, মরুভূমি, জলাভূমি ও পার্বত্য অঞ্চল-সহ পৃথিবীর স্থলভাগের প্রায় অর্ধেক অংশ চারণভূমির মাধ্যমে আবৃত।

❑ সারা দেশে ভয়েস ওভার ওয়াই-ফাই পরিষেবা চালু করল রাষ্ট্রায়ত্ত টেলিকম সংস্থা 'ভারত সঞ্চার নিগম লিমিটেড'। এর ফলে 'এয়ারটেল' ও 'রিলায়েন্স জিও'র মতো বেসরকারি টেলিকম সংস্থাগুলির সঙ্গে একই সারিতে পৌঁছে গেল বিএসএনএল। এই প্রযুক্তির মাধ্যমে গ্রাহকরা মোবাইল নেটওয়ার্কের বদলে ওয়াই-ফাই ব্যবহার করে ফোন কল করতে ও মেসেজ পাঠাতে পারবেন। যেখানে মোবাইল সিগন্যাল দুর্বল, সেখানে এই পরিষেবা বিশেষভাবে কার্যকর হবে বলে জানিয়েছে সংস্থাটি। এজন্য গ্রাহকরা তাঁদের বর্তমান মোবাইল নম্বর ও ফোনের ডায়ালার অ্যাপ ব্যবহার করেই কল করতে পারবেন। কোনো থার্ড-পার্টি অ্যাপ ডাউনলোডের দরকার নেই।

**৮ জানুয়ারি :** কর্মক্ষেত্রে মহিলা-বান্ধব পরিবেশ নিয়ে কাজ করা চেন্নাইয়ের সংস্থা 'অবতার'এর তথ্য অনুসারে, ২০২৫ সালে ভারতে মহিলাদের জন্য সবথেকে সেরা শহর বেঙ্গালউরু। ৫৩.২৯ সিটি ইনক্লুশন স্কোর নিয়ে শীর্ষে রয়েছে বেঙ্গালউরু। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে চেন্নাই (৪৯.৮৬) ও পুণে (৪৬.২৭)। আর্থ সামাজিক ক্ষেত্রে মহিলাদের অবস্থান কোথায় তুলনামূলকভাবে উন্নত, তা নিয়ে ১২৫টি শহরের মধ্যে সমীক্ষা চালিয়েছে 'অবতার'।

❑ ৬ জানুয়ারি কেরলের ওয়েনাড জেলার কালপেট্টায়, ভারতের প্রথম সম্পূর্ণ কাগজবিহীন জেলা আদালতের উদ্বোধন করলেন দেশের প্রধান বিচারপতি সূর্য কান্ত। এর ফলে, কালপেট্টার সব আদালত এখন থেকে পুরোপুরি ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হবে। এর ফলে মামলার আবেদনগুলি ইলেক্ট্রনিকভাবে জমা দেওয়া হবে, এরপর অনলাইনে তা যাচাই করা হবে আর 'কেরল হাই কোর্ট'এর তৈরি 'ডিস্ট্রিক্ট কোর্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেম'এর মাধ্যমে বিচারকরা তাৎক্ষণিকভাবে সেগুলি দেখতে পারবেন। এই উদ্যোগের ফলে মামলা মোকদ্দমার খরচ কমবে ও ন্যায়বিচারের ক্ষেত্রে স্বচ্ছতা বাড়বে।

❑ 'ইন্টার-অপারেবল ক্রিমিনাল জাস্টিস সিস্টেম' ২.০ র‍্যাঙ্কিং প্রকাশ করল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন 'ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরো'। ৯৩.৪৬ স্কোর নিয়ে এই জাতীয় র‍্যাঙ্কিংয়ে শীর্ষ স্থানে রয়েছে উত্তরাখণ্ড পুলিশ। নির্ধারিত সময়ের আগেই 'ইন্টার-অপারেবল ক্রিমিনাল জাস্টিস সিস্টেম'এর বেশিরভাগ প্রক্রিয়া সম্পন্ন করেছে উত্তরাখণ্ড পুলিশ, যার মধ্যে রয়েছে নির্বিঘ্ন কেস ডায়েরি, চার্জ শিট তৈরি, ডিজিটাল প্রমাণ ও বিচারিক প্রক্রিয়া। ৯৩.৪১ স্কোর নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে হরিয়ানা পুলিশ ও ৯৩.১৬ স্কোর নিয়ে তৃতীয় স্থানে রয়েছে অসম পুলিশ।

**১০ জানুয়ারি :** 'মেঘালয় হাই কোর্ট'এর প্রথম মহিলা প্রধান বিচারপতি হিসাবে শপথ নিলেন রেবতী মোহিতে ডেরে।

❑ 'ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশন'এর সদস্যপদ পেল ২০২০ সালে প্রতিষ্ঠিত ভারতের নবীনতম বিমান সংস্থা মুম্বইয়ের 'আকাসা এয়ার'। এই সদস্যপদ তাদের আন্তর্জাতিক স্তরে নিরাপত্তা মান, দক্ষতা ও সহযোগিতার জন্য গুরুত্বপূর্ণ। এই সদস্যপদ তাদের আন্তর্জাতিক বাজার ও বৈশ্বিক এয়ারলাইন অংশীদারদের সঙ্গে সহযোগিতা বাড়াতে সাহায্য করবে। এর ফলে, ভারতে এখন ৫টি আইএটিএ সদস্য বিমান সংস্থা রয়েছে - এয়ার ইন্ডিয়া, এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস, ইন্ডিগো, আকাসা এয়ার, স্পাইসজেট।

**১১ জানুয়ারি :** ২০২৫ সালের জন্য রাষ্ট্রসঙ্ঘের সেক্রেটারি জেনারেলের পুরস্কার পেলেন ভারতীয় সেনাবাহিনীর মেজর স্বাতী শান্তা কুমার। দক্ষিণ সুদানে লিঙ্গ-সমতাভিত্তিক শান্তিরক্ষার জন্য এই পুরস্কার পেলেন তিনি। এখন দক্ষিণ সুদানে রাষ্ট্রসঙ্ঘ মিশনে কর্মরত তিনি। তাঁর 'সমান অংশীদার, স্থায়ী শান্তি' উদ্যোগটি রাষ্ট্রসঙ্ঘের লিঙ্গ-সংবেদনশীল শান্তিরক্ষা কার্যক্রমকে শক্তিশালী করে।

❑ 'এনএইচ-৫৪৪জি'এর বেঙ্গালউরু-কাডাপা-বিজয়ওয়াড়া ইকোনমিক করিডোরের নির্মাণকাজের সময় ৪টি 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল 'ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া'। পুট্টাপারথির কাছে আন্ধ্রা প্রদেশে এই রেকর্ডগুলি অর্জন করা হয়েছে। ৬ জানুয়ারি এই করিডোরে ২৪ ঘন্টার মধ্যে দু'টি বিশ্বরেকর্ড স্থাপন করেছে এনএইচএআই। প্রথম রেকর্ডটি হয়েছে বিটুমিনাস কংক্রিট বিছানোর দীর্ঘতম অবিচ্ছিন্ন কাজের জন্য, যা ৯.৬৩ কিলোমিটার দীর্ঘ ও ৩-লেন প্রশস্ত একটি অংশ জুড়ে সম্পন্ন হয়েছিল। দ্বিতীয় রেকর্ডটি হয়েছে ২৪ ঘন্টায় সর্বোচ্চ পরিমাণ বিটুমিনাস কংক্রিট স্থাপন করার জন্য, যার পরিমাণ ছিল ১০,৬৫৫ মেট্রিক টন। ৬ লেনের জাতীয় মহাসড়ক প্রকল্পের অধীনে বিশ্বজুড়ে এগুলিই ছিল এই ধরনের প্রথম রেকর্ড। অন্য দু'টি রেকর্ডের মধ্যে রয়েছে ৫৭,৫০০ মেট্রিক টন বিটুমিনাস কংক্রিট অবিচ্ছিন্নভাবে স্থাপন আর ৩-লেন প্রশস্ত ৫২ কিলোমিটার দীর্ঘ একটি অংশ অবিচ্ছিন্নভাবে পাকা করা।

**১২ জানুয়ারি :** গোয়ার শিল্পপতি শ্রীনিবাস ডেম্পো'কে মর্যাদাপূর্ণ বেসামরিক পুরস্কার 'ক্যাভালিয়ের ডেল'অর্ডিন ডেলা স্টেলা ডি'ইতালিয়া'তে ভূষিত করল ইতালি। ভারতে, ইতালীয় নাগরিকদের সহায়তা প্রদানে তাঁর দীর্ঘদিনের অবদান আর ব্যবসা, সংস্কৃতি ও সামাজিক ক্ষেত্রে ভারত ও ইতালির মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা বাড়াতে তাঁর অসামান্য ভূমিকার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি।

❑ আনুষ্ঠানিকভাবে কান্নুরের 'আরালম বন্যপ্রাণী অভয়ারণ্য'এর নাম বদল করে 'আরালম প্রজাপতি অভয়ারণ্য' রাখল কেরল সরকার। যার ফলে, এটি এখন কেরলের প্রথম প্রজাপতি অভয়ারণ্যে পরিণত হয়েছে। এই পদক্ষেপের লক্ষ্য হল, পশ্চিমঘাট অঞ্চলে প্রজাপতির সমৃদ্ধ জীববৈচিত্র্য সংরক্ষণ করা, জনগণের অংশগ্রহণকে উৎসাহিত করা ও পরিবেশগত সুরক্ষা জোরদার করা।

**১৪ জানুয়ারি :** 'ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি'র ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন রাকেশ আগরওয়াল।

❑ ভারতে, মার্কিন রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন সার্জিও গোর।

**১৫ জানুয়ারি :** 'ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন শত্রুজিৎ সিং কাপুর।

❑ 'আন্তর্জাতিক মহাকাশ স্টেশন'এর ৪ জন মহাকাশচারীর একটি দলকে নির্ধারিত সময়ের আগেই নিরাপদে পৃথিবীতে ফিরিয়ে আনল নাসা। এক মহাকাশচারীর স্বাস্থ্যগত সমস্যা দেখা দেওয়ায় তাঁদের পৃথিবীতে ফিরিয়ে আনা হয়। 'আন্তর্জাতিক মহাকাশ স্টেশন'এর ইতিহাসে প্রথমবারের মতো এমন ঘটনা ঘটল। এদিন ভোরে ৪ মহাকাশচারীকে নিয়ে 'স্পেসএক্স'এর ক্যাপসুল 'এন্ডেভার' ক্যালিফোর্নিয়ার উপকূলে প্রশান্ত মহাসাগরে নিরাপদে অবতরণ করে। স্বাস্থ্যগত জরুরি সমস্যার কারণে এই প্রথমবারের মতো আইএসএস ক্রুদের মিশন সংক্ষিপ্ত করতে বাধ্য হল নাসা। ২০২৫ সালের আগস্টে আন্তর্জাতিক মহাকাশ স্টেশন'এ পাঠানো হয়েছিল তাঁদের আর এবছরের ফেব্রুয়ারির শেষের দিকে তাঁদের ফিরে আসার কথা ছিল।


**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

❑ ক্যান্সার দ্রুত শনাক্তকরণের জন্য, গান্ধীনগরে 'আশা ভ্যান' মোবাইল ইউনিট চালু করল গুজরাত সরকার। দ্রুত ক্যান্সার শনাক্ত করতে এই মোবাইল ভ্যানটিতে ইউভিএ-প্রো ডায়াগনস্টিকস, একটি ম্যামোগ্রাফি ইউনিট ও টেলি-কন্সালটেশনের সুবিধা রয়েছে। এটি ফুসফুস, মুখগহ্বর, রক্ত, জরায়ু, অগ্ন্যাশয়, যকৃৎ, স্তন ও প্রোস্টেট ক্যান্সার-সহ ১০ ধরনের ক্যান্সার শনাক্ত করতে পারে। এই উদ্যোগের লক্ষ্য হল, প্রাথমিক পর্যায়ে ক্যান্সার শনাক্ত করে দ্রুত চিকিৎসা শুরু করা, যাতে জীবন বাঁচানো সম্ভব হয়।

❑ আইপিও সংখ্যার নিরিখে বিশ্বের বৃহত্তম বাজারে পরিণত হয়েছে ভারত আর মূল্যের দিক থেকেও তৃতীয় বৃহত্তম বাজার হল ভারত। 'সেবি'র চেয়ারম্যান তুহিন কান্ত পাণ্ডে একথা জানিয়েছেন। তিনি আরও বলেন যে, অর্থনৈতিক প্রবৃদ্ধির অর্থায়নে ভারতের পুঁজিবাজার একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করছে। তিনি জানিয়েছেন, চলতি আর্থিক বছরের প্রথম নয় মাসে ৩১১টি আইপিও'র মাধ্যমে ১৭ লাখ কোটি টাকা সংগ্রহ করা হয়েছে। ২০২০ আর্থিক বছরে বিনিয়োগকারীর সংখ্যা ৪৩ মিলিয়ন থেকে বেড়ে ১৩৭ মিলিয়ন হয়েছে। অন্যদিকে, মিউচুয়াল ফান্ড বিনিয়োগকারীর সংখ্যা এখন ৫৯ মিলিয়ন ছাড়িয়ে গেছে।

**১৬ জানুয়ারি :** মার্শাল আর্টসের ক্ষেত্রে একটি বিরল আন্তর্জাতিক সম্মান অর্জন করলেন আন্ধ্রা প্রদেশের উপ-মুখ্যমন্ত্রী পবণ কল্যাণ। প্রথম ভারতীয় হিসাবে আনুষ্ঠানিকভাবে জাপানি সামুরাই তরবারি চালনার ঐতিহ্য 'কেনজুৎসু'তে অন্তর্ভুক্ত হলেন তিনি। এটি জাপানি নয়, এমন অনুশীলনকারীদের জন্য একটি বিরল সম্মান। তাঁকে জাপানি সংস্থা 'সোগো বুডো কানরি কাই'এর মাধ্যমে 'পঞ্চম ড্যান' উপাধি দেওয়া হয় আর 'গোল্ডেন ড্রাগনস' সংস্থা থেকে 'টাইগার অফ মার্শাল আর্টস' উপাধি দেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, পবণ কল্যাণ'এর মার্শাল আর্টসের জগতে যাত্রা ৩০ বছরেরও বেশি সময়ের, যার শুরু হয়েছিল ক্যারাটে ও সংশ্লিষ্ট শাখায় তাঁর প্রাথমিক প্রশিক্ষণের মাধ্যমে।



'টাইলার প্রাইজ ফর এনভায়রনমেন্টাল অ্যাচিভমেন্ট' পেলেন মার্কিনি বিবর্তনবাদী জীববিজ্ঞানী টোবি কিয়ার্স। মাইকোরাইজাল ছত্রাকের পরিবেশগত ও জলবায়ুগত গুরুত্ব উদঘাটনে তাঁর অগ্রণী কাজের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। এই পুরস্কারটিকে 'পরিবেশের জন্য নোবেল পুরস্কার'ও বলা হয়।

❑ লখনউয়ের 'ড.শকুন্তলা মিশ্র ন্যাশনাল রিহ্যাবিলিটেশন ইউনিভার্সিটি'তে, উত্তর প্রদেশের প্রথম রাজ্য-স্তরের ব্রেইল লাইব্রেরির উদ্বোধন হল। এখানে জাতীয় শিক্ষানীতি অনুযায়ী, ৫৪টি স্নাতক ও স্নাতকোত্তর কোর্সের জন্য ৪,০০০টিরও বেশি ব্রেইল বই রয়েছে, যার সবই বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ব্রেইল প্রেসে মুদ্রিত। বিশ্ববিদ্যালয়ের বাইরের দৃষ্টিহীন প্রতিবন্ধী শিক্ষার্থীরাও এই লাইব্রেরির বই পড়তে পারবেন।

❑ ভারতের প্রথম পুরোপুরি সৌরশক্তিচালিত মোবাইল এটিএম ভ্যান চালু করল 'ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্ক'। এটির নাম 'টিজিবি অন হুইলস'। এই উদ্ভাবনী মোবাইল ব্যাঙ্কিং উদ্যোগটির লক্ষ্য হল গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে, বিশেষত যেখানে বিদ্যুৎ সরবরাহ অনির্ভরযোগ্য বা অনুপস্থিত, সেখানে নিরবচ্ছিন্ন এটিএম ও মৌলিক ব্যাঙ্কিং পরিষেবা দেওয়া। এখন ত্রিপুরার বিভিন্ন অঞ্চলে ৩টি সৌরশক্তিচালিত এটিএম ভ্যান চালু আছে। 'নাবার্ড'এর সহায়তায় এই প্রকল্পটি চালু করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৩ সালের জুলাইয়ে ত্রিপুরা সফরের সময় আনুষ্ঠানিকভাবে এই এটিএম ভ্যান উদ্যোগটির উদ্বোধন করেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন।

**১৭ জানুয়ারি :** 'সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশন'এ ভিজিল্যান্স কমিশনার হিসাবে নিযুক্ত হলেন প্রবীণ বশিষ্ঠ।

❑ আরপিএফ অফিসার চন্দনা চন্দনা সিনহা'কে তাদের সর্বোচ্চ পুরস্কারে ভূষিত করল ভারতীয় রেল। ট্রেন ও রেলওয়ে স্টেশনে শিশু পাচার রোধে অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। এনজিও আর শিশু কল্যাণ কর্তৃপক্ষের সহযোগিতায়, শত শত ঝুঁকিপূর্ণ শিশুকে উদ্ধার করেছেন তিনি।

❑ ২০২৫ সালে এই প্রথমবার ভারতের ইলেক্ট্রনিক্স রফতানি রেকর্ড ৪৭ বিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে, যা একটি বড় মাইলফলক হিসাবে চিহ্নিত হয়েছে। ২০২৪ সালে এই রফতানির পরিমাণ ছিল ৩৪.৯৩ বিলিয়ন ডলার, যা ২০২৫ সালে ৩৭% বেড়েছে। এই রফতানির মোট পরিমাণের দুই তৃতীয়াংশই ছিল স্মার্টফোন, যা ভারতকে একটি প্রধান বৈশ্বিক উৎপাদন কেন্দ্রে রূপান্তরিত করার ক্ষেত্রে 'প্রোডাকশন লিঙ্কড ইনসেন্টিভ' প্রকল্পের গুরুত্বপূর্ণ ভূমিকাকে প্রতিফলিত করে।

❑ ২৬ জানুয়ারি কর্তব্য পথে ভারতের 'প্রজাতন্ত্র দিবস'এর উদযাপনের মূল ভাবনা হিসাবে 'বন্দে মাতরম'এর ১৫০ বছর পূর্তিকে কেন্দ্র করে দেশের সামরিক শক্তি ও সমৃদ্ধ সাংস্কৃতিক বৈচিত্র্য তুলে ধরা হয়েছে। এবছর 'প্রজাতন্ত্র দিবস'এর প্যারেডে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন 'ইউরোপীয় কাউন্সিল'এর প্রেসিডেন্ট আন্তোনিও কস্তা আর 'ইউরোপীয় কমিশন'এর প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লিয়েন।

❑ ভারতের ৯২ তম দাবা গ্র্যান্ডমাস্টার হলেন দিল্লির ২১ বছর বয়সি আরিয়ান ভার্শনি। আর্মেনিয়ায়, এক রাউন্ড বাকি থাকতেই 'আন্দ্রানিক মার্গারিয়ান মেমোরিয়াল' খেতাব জিতলেন তিনি, যা তাঁর গ্র্যান্ডমাস্টার খেতাব নিশ্চিত করেছে। এটি ছিল তাঁর তৃতীয় ও চূড়ান্ত জিএম নর্ম।

**১৮ জানুয়ারি :** 'স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র রিপোর্ট অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে উচ্চ-মধ্য আয়ের দেশের তকমা পেয়ে যাবে ভারত, যা কোনো দেশের অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ মাইলফলক। এই রিপোর্ট অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে ভারতের মোট জাতীয় আয় ৪,০০০ মার্কিন ডলার ছুঁয়ে ফেলবে। যার ফলে বিশ্বব্যাঙ্ক'এর হিসাব অনুযায়ী উচ্চ-মধ্য আয়ের দেশের তকমা পেয়ে যাবে ভারত। এটি হলে চিন, ইন্দোনেশিয়ার মতো দেশের সঙ্গে একই স্তরে থাকবে ভারত।

❑ এবছর একাদশতম 'অজন্তা-ইলোরা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ 'পদ্মপানি পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন প্রবীণ সঙ্গীত পরিচালক ইলাইয়ারাজা। ভারতীয় চলচ্চিত্র সঙ্গীতে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। পুরস্কারের মধ্যে রয়েছে একটি পদ্মপানি স্মারক, একটি সম্মাননাপত্র ও নগদ ২ লাখ টাকা। প্রসঙ্গত উল্লেখ্য, ২৮ জানুয়ারি থেকে ১ ফেব্রুয়ারি পর্যন্ত এই উৎসব হয়েছে।

❑ বিজ্ঞানীদের মতে, বিশ্বের সবথেকে পুরনো জীবিত নদী হল অস্ট্রেলিয়ার 'ফিংক' নদী। এই নদীকে স্থানীয় আদিবাসীরা আরেন্টে ভাষায় বলে 'লারাপিন্টা'। নদীটির বয়স ৩০০ থেকে ৪০০ মিলিয়ন বছর। ডাইনোসরদের আবির্ভাবের বহু আগে নদীটির জন্ম। 'ফিংক' নদীটি আসলে একটি বিস্তৃত নদীব্যবস্থা। ছোট ছোট স্রোতধারা আর চ্যানেল মিলিয়ে ৬৪০ কিলোমিটার বা ৪০০ মাইলের বেশি এলাকা জুড়ে নদীটি বিস্তৃত। অস্ট্রেলিয়ার নর্দার্ন টেরিটরি ও সাউথ অস্ট্রেলিয়ার ভিতর দিয়ে বয়ে গেছে নদীটি। অস্ট্রেলিয়া মহাদেশের এই মধ্যভাগ অত্যন্ত শুষ্ক হওয়ায়, নদীটি সারাবছর প্রবহমান থাকে না। বিজ্ঞানীরা প্রমাণ করে দেখিয়েছেন, ফিংক নদীর উৎপত্তি হয়েছিল ডেভোনিয়ান যুগে। মার্কিন যুক্তরাষ্ট্রের 'ইউনিভার্সিটি অফ অ্যারিজোনা'র ভূতত্ত্ববিদ ভিক্টর বেকারের মতে, ফিংক নদীর প্রাচীনত্বের সবথেকে বড় প্রমাণ হল এর ক্রস-অ্যাক্সিয়াল ড্রেনেজ নামক একটি ভূতাত্ত্বিক বৈশিষ্ট্য।

**১৯ জানুয়ারি :** 'সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স'এর ডেপুটি ইন্সপেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন রবি শঙ্কর ছবি।

এরপর ৭ পাতায়

৬ পাতার পর

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

❑ নিউজিল্যান্ডে, ভারতের পরবর্তী হাই কমিশনার হিসাবে নিযুক্ত হলেন মুয়ানপুই সাইয়াউই।

❑ শহরে কুকুরের কামড়ের ঘটনা কমানো ও প্রাণী কল্যাণ উন্নত করার লক্ষ্যে, লুধিয়ানায় একটি পরীক্ষামূলক প্রকল্প হিসাবে তাদের প্রথম কুকুর অভয়ারণ্য চালু করল পঞ্জাব। এই উদ্যোগটি রাজ্য জুড়ে বাস্তবায়ন করা হবে। সুপ্রিম কোর্টের নির্দেশিকা আর পশু জন্ম নিয়ন্ত্রণ বিধিমালা অনুসরণ করে তৈরি হওয়া এই অভয়ারণ্যটি জননিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি কুকুরদের বন্ধ্যাত্বকরণ, টিকাদান ও আশ্রয় প্রদানের ওপর নজর দেবে।

❑ সংযুক্ত আরব আমিরশাহীর প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান'এর দিল্লি সফরের সময়, একটি দীর্ঘমেয়াদী এলএনজি সরবরাহ চুক্তি স্বাক্ষর করল ভারত ও সংযুক্ত আরব আমিরশাহী। এই চুক্তির ফলে কাতারের পর, ভারতের দ্বিতীয় বৃহত্তম এলএনজি সরবরাহকারী দেশে পরিণত হল সংযুক্ত আরব আমিরশাহী। এই চুক্তির আওতায়, ভারতকে প্রতি বছর ০.৫ মিলিয়ন মেট্রিক টন এলএনজি সরবরাহ করবে দেশটি।

❑ টানা দশম (২০১৭ - ২০২৬) বছরের মতো, এবছর নাম্বিও'র বৈশ্বিক সূচকে বিশ্বের সবথেকে নিরাপদ শহরের স্বীকৃতি পেল সংযুক্ত আরব আমিরশাহীর শহর আবু ধাবি। বিশ্বের ১৫০টি দেশের প্রায় ৪০০টিরও বেশি শহরের ওপর পরিচালিত এই সমীক্ষায় শীর্ষে রয়েছে আবু ধাবি। বিশেষ করে দিন বা রাতে একা চলাফেরা করার ক্ষেত্রে নিরাপত্তা ব্যবস্থা ও অপরাধের অতি নিম্নহার বিবেচনায় এই সমীক্ষাটি করা হয়।

❑ চাঁদকে প্রদক্ষিণ করার জন্য ঐতিহাসিক 'আর্তেমিস-২' অভিযানের প্রস্তুতি নিচ্ছে 'নাসা'। 'আর্তেমিস-২' মিশনের অধীনে, ৪ জন মহাকাশচারীকে ১০ দিনের যাত্রায় পাঠানো হবে, যেখানে তাঁরা চাঁদকে প্রদক্ষিণ করবেন। ক্রুদের মধ্যে রয়েছেন নাসার মহাকাশচারী রিড ওয়াইজম্যান, ভিক্টর গ্লোভার ও ক্রিস্টিনা কোচ আর কানাডা থেকে জেরেমি হ্যানসেন। চাঁদের অন্ধকার দিকটি পর্যবেক্ষণ করবেন তাঁরা। ১৯৭২ সালের পর এই প্রথমবারের মতো মানুষ চাঁদের এত কাছে ভ্রমণ করবে। এই মিশনটি মানুষকে পৃথিবী থেকে আগের চেয়েও অনেক দূরে নিয়ে যাবে ও চাঁদে ফিরে যাওয়ার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করবে। তবে এই অভিযানের আওতায় ওই চার মহাকাশচারী চাঁদের মাটিতে অবতরণ করবেন না। চাঁদে অবতরণের ল্যান্ডারও নেই মহাকাশযানটিতে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে, ২০২২ সালের নভেম্বরে 'আর্তেমিস-১' অভিযান চালানো হয়, যা চাঁদকে প্রদক্ষিণ করে।




ভারতের তারকা মহিলা শাটলার সাইনা নেহওয়াল ব্যাডমিন্টন থেকে অবসর নিলেন। প্রায় দুই বছর আগে শেষবার কোনো পেশাদার টুর্নামেন্টে খেলেছিলেন তিনি। ২০২৩ সালে সিঙ্গাপুরে সেই টুর্নামেন্ট হয়েছিল। এরপর থেকে আর কোর্টে দেখা যায়নি তাঁকে। ২০১২ সালে 'লন্ডন অলিম্পিক্স'এ ব্রঞ্জ পদক জেতেন সাইনা। অলিম্পিক্সের মঞ্চে প্রথম ভারতীয় মহিলা শাটলার হিসাবে এই পদক জেতার নজির গড়েন তিনি।

❑ 'গুগল'এর এআই প্ল্যাটফর্ম 'জেমিনি'র সঙ্গে ২৭০ কোটি টাকার চুক্তি করল 'ভারতীয় ক্রিকেট বোর্ড'। গুগলের এআই মডেল 'জেমিনি এআই'কে এবার দেখা যাবে আইপিএল'এর স্পন্সর হিসাবে। ৩ বছরের জন্য এই চুক্তি করা হয়েছে। এই চুক্তি কার্যকর হবে ২০২৬ সাল থেকে ও তা চলবে ২০২৮ সাল পর্যন্ত।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## রেলে ১০ বছরে

১ পাতার পর

কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) হয়েছে। পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১,০৩,৭১৯ জন। এখনো ফল বেরোয়নি।

**অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট** (বিজ্ঞপ্তি নং ১/২০২৬)'এর ১১,১২৭টি শূন্যপদের জন্য ইন্ডিকেটিভ বিজ্ঞপ্তি বেরিয়েছে। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ১৫ মে থেকে। চলবে ১৪ জুন পর্যন্ত।

**টেকনিশিয়ান** (বিজ্ঞপ্তি নং ২/২০২৪) পদে ১৪,২৯৮টি শূন্যপদের কম্পিউটার বেসড টেস্টে ২৬ লাখ ৯৯ হাজার ৮৯২ জন প্রার্থী পরীক্ষা দিয়েছিলেন।

**টেকনিশিয়ান** (বিজ্ঞপ্তি নং ২/২০২৫) পদে ৬,২৩৮টি শূন্যপদের কম্পিউটার বেসড টেস্টে ৮ লাখ ৪১ হাজার ৫২৫ জন প্রার্থী পরীক্ষা দিয়েছিলেন।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট / চিপ মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট** (বিজ্ঞপ্তি নং ৩/২০২৪) পদে ৭,৯৫১টি শূন্যপদের জন্য প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ১১ লাখ ১ হাজার ২৬৬ জন আর দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ১,১৭,৩৩৯ জন প্রার্থী।

**জুনিয়র ইঞ্জিনিয়ার/ ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট / চিপ মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট** (বিজ্ঞপ্তি নং ৫/২০২৫) পদে ২,৫৮৫টি শূন্যপদের জন্য প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ৫,৭৪,৩৫১ জন।

**রেলওয়ে প্রোটেকশন ফোর্সের সাব-ইন্সপেক্টর** পদে ৪৫২টি শূন্যপদের জন্য কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ১৫ লাখ ৩৫ হাজার ৬৩৫ জন প্রার্থী।

**রেলওয়ে প্রোটেকশন ফোর্সের কনস্টেবল** পদে ৪,২০৮টি শূন্যপদের জন্য কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ৪৫ লাখ ৩০ হাজার ২৮৮ জন প্রার্থী। শারীরিক সক্ষমতার পরীক্ষা হয়েছে ১৩ নভেম্বর থেকে।

**প্যারামেডিক্যাল ক্যাটেগরিতে** (বিজ্ঞপ্তি নং ৪/২০২৪) ১,৩৭৬টি শূন্যপদের জন্য কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ৭ লাখ ৮ হাজার ৩২১ জন প্রার্থী।

**প্যারামেডিক্যাল ক্যাটেগরি** (বিজ্ঞপ্তি নং ৩/২০২৫)'এর ৪৩৪টি শূন্যপদের জন্য কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ৩ লাখ ১৯ হাজার ৩৯৬ জন প্রার্থী।

**সেকশন কন্ট্রোলার** (বিজ্ঞপ্তি নং ৪/২০২৫)'এর ৩৬৮টি শূন্যপদের জন্য কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ৪ লাখ ৩৩ হাজার ৭৪৮ জন প্রার্থী।

**এন.টি.পি.সি. (গ্র্যাজুয়েট)** (বিজ্ঞপ্তি নং ৫/২০২৪) ক্যাটেগরিতে ৮,১১৩টি শূন্যপদের জন্য প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ৫৮ লাখ ৪১ হাজার ৭৭৪ জন প্রার্থী ও দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ১ লাখ ২১ হাজার ৯৩১ জন প্রার্থী। আর কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্ট ১৩,৬১৬ জন প্রার্থী পরীক্ষা দিয়েছিলেন।

**এন.টি.পি.সি. (আন্ডার গ্র্যাজুয়েট)** (বিজ্ঞপ্তি নং ৬/২০২৪) ক্যাটেগরিতে ৩,৪৪৫টি শূন্যপদের জন্য প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ৬৩ লাখ ২৭ হাজার ৪৭৩ জন প্রার্থী। দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ৫১ হাজার ৯৭৮ জন প্রার্থী। কম্পিউটার বেসড টাইপিং স্কিল টেস্ট দিয়েছে ১৩,১৪৫ জন প্রার্থী।

**মিনিস্ট্রিয়াল ও আইসোলেটেড ক্যাটেগরিতে** ১,০৩৬টি শূন্যপদের জন্য কম্পিউটার বেসড টেস্ট দিয়েছিলেন ৪ লাখ ৪৬ হাজার ১৩ জন প্রার্থী। ট্রান্সলেশন টেস্ট দিয়েছে ১,২৩৩ জন প্রার্থী।

টেকনিশিয়ান, জুনিয়র ইঞ্জিনিয়ার, প্যারামেডিক্যাল ক্যাটেগরি, আর.পি.এফ.'র সাব-ইন্সপেক্টর ও অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে প্রায় ২৩ হাজারের বেশি প্রার্থী চূড়ান্তভাবে সফল হয়েছেন।

**গ্রুপ-ডি পদে (বিজ্ঞপ্তি নং ৮/২০২৪)'এর ৩২,৪৩৮টি** শূন্যপদের জন্য পরীক্ষা দিয়েছে ১ কোটি ৮ লাখ ২৮,২৬১ জন প্রার্থী।

**গ্রুপ-ডি পদে (বিজ্ঞপ্তি নং ৯/২০২৫)'এর** গ্রুপ-ডি পদে ২২,১৯৫টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল ডিসেম্বরে। এখনো পরীক্ষা হয়নি।

**২০২৫ সালে ৫০,৯৭০টি শূন্যপদের জন্য এইসব পদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল :**

**(১) বিজ্ঞপ্তি নং ১/২০২৫'এর** অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে ৯,৯৭০টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল মার্চে।

**(২) বিজ্ঞপ্তি নং ২/২০২৫'এর** টেকনিশিয়ান পদে ৬,২৩৮টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল জুনে।

**(৩) বিজ্ঞপ্তি নং ৩/২০২৫'এর** প্যারামেডিক্যাল পদে ৪৩৪টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল জুলাইয়ে।

**(৪) বিজ্ঞপ্তি নং ৪/২০২৫'এর** সেকশন কন্ট্রোলার পদে ৩৬৮টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল আগস্টে।

**(৫) বিজ্ঞপ্তি নং ৫/২০২৫'এর** জুনিয়র ইঞ্জিনিয়ার / ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট পদে ২,৫৮৫টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল অক্টোবরে।

**(৬) বিজ্ঞপ্তি নং ৬/২০২৫'এর** এন.টি.পি.সি. (গ্র্যাজুয়েট) পদে ৫,৮১০টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল অক্টোবরে।

**(৭) বিজ্ঞপ্তি নং ৭/২০২৫'এর** এন.টি.পি.সি. (আন্ডার গ্র্যাজুয়েট) পদে ৩,০৫৮টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল অক্টোবরে।

**(৮) বিজ্ঞপ্তি নং ৮/২০২৫'এর** আইসোলেটেড ক্যাটেগরিতে ৩১২টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল ডিসেম্বরে।

**(৯) বিজ্ঞপ্তি নং ৯/২০২৫'এর** গ্রুপ-ডি পদে ২২,১৯৫টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছিল ডিসেম্বরে।

## প্রতিরক্ষা সংস্থায় ৮৫ ওয়ার্কার

**নিজস্ব সংবাদদাতা, পুণে :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন খাদকি হাই এক্সপ্লোসিভ ফ্যাক্টরি 'স্কিল্ড ওয়ার্কার' পদে ৮৫ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১০-৪-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৮৫টি (জেনাঃ ৪৩, ও.বি.সি. ১৫, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৮)। ১ বছরের ট্রেনিং। যা আরো ৩ বছর পর্যন্ত বাড়তে পারে।

প্রার্থী বাছাই হবে ট্রেড টেস্ট বা, প্র্যাক্টিক্যাল টেস্ট-এর মাধ্যমে। ট্রেড টেস্টে থাকবে ১০০ নম্বর। মেধা তালিকা তৈরির সময় আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর ও প্র্যাক্টিক্যাল টেস্টে পাওয়া নম্বর দেখা হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://munitionsindia.in

দরখাস্তের সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল আর নিজের সই করা পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Tenure Based Skilled Worker on Contract Basis'. দরখাস্ত পৌঁছনো চাই ১০ এপ্রিলের মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, High Explosives Factor, Khadki, Pune, Maharashtra, Pin-411 003.

## প্রতিরক্ষা সংস্থায় ৫০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ন্যূনতম ১৪ বছর। সর্বাধিক বয়সের কোনো কড়াকড়ি নেই। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা। শূন্যপদ : কেমিক্যাল ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। মেকানিক্যাল ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। ইলেক্ট্রিক্যাল ১৫টি (জেনাঃ ৯, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩)। ইলেক্ট্রনিক্স ১৫টি (জেনাঃ ৯, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)।

প্রার্থী বাছাই হবে ডিপ্লোমা কোর্সে পাওয়া নম্বর দেখে। এরপর মেধা তালিকা তৈরি হবে। কোনো ইন্টারভিউ বা, টেস্ট হবে না।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম পাবেন এই ওয়েবসাইটে : https://ddpdoo.gov.in, https://www.munitionsindia.in

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, আধার কার্ড ও ডিক্লারেশন / এফিডেভিট 'এর প্রমাণপত্র। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for Technician Apprenticeship Training in O.F. Bhandara'. দরখাস্ত পৌঁছনো চাই ১১ এপ্রিলের মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, Ordnance Factory Bhandara (Unit of Munitions India Ltd), At+Post - Jawaharnagar, Tah+Dsit- Bhandara (Maharashtra State), Pin-441906.

## ৫৯ ম্যানেজমেন্ট ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৫৯ জন লোক নিচেছ। নেওয়া হবে এইসব ট্রেডে : কেমিক্যাল, মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল বা, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি.টেক. /বি.এসসি. - ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। ওপরের সব ক্ষেত্রে ২০২৬ সালের 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০২৬'র হিসাবে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৬০,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ৬০,০০০-১,৮০,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যালে ২৪টি, সিভিলে ২১টি, ইলেক্ট্রিক্যালে ৭টি, কেমিক্যাল ৭টি। এই পদের বিজ্ঞপ্তি নং : HRD/Rectt./Advt./2025-26/18.

প্রার্থী বাছাই হবে 'গেট-২০২৬' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.engineersindia.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## দামোদর ভ্যালি কর্পোরেশনে

১ পাতার পর

(তপশিলী হলে ৬০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১)। **পোস্ট কোড : 2026/02.**

**এক্সিকিউটিভ ট্রেনি (মাইনিং) :** মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% (তপশিলী হলে ৬০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। **পোস্ট কোড : 2026/03.**

**এক্সিকিউটিভ ট্রেনি (কেমিক্যাল) :** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% (তপশিলী হলে ৬০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১টি (জেনাঃ)। **পোস্ট কোড : 2026/04.**

সব ক্ষেত্রে ২০২৫ সালের 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১০-৪-২০২৬'এর হিসাবে ২৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার' পদে চাকরি। এই পদের বিজ্ঞপ্তি নং : PLR/ET/02/2026/02, Dtd.: 10.3.2026.

'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ এপ্রিলের মধ্যে এই ওয়েবসাইটে : www.dvc.gov.in অনলাইনে দরখাস্ত করার সময় বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## পি.এস.সি.'র

■ *পি.এস.সি. ক্লার্কশিপের নতুন বিজ্ঞপ্তি বেরোবে কি? পরীক্ষা কবে হতে পারে? — সৌমজিৎ কুণ্ডু, সোদপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পি.এস.সি.'র মাধ্যমে ক্লার্কশিপ পরীক্ষার নতুন বিজ্ঞপ্তি এবছর বেরোবে। পরীক্ষা কবে হবে তা বিজ্ঞপ্তি বেরোনোর পর জানানো হবে।

■ *ইউ.জি.সি. স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ডাকযোগে এম.বি.এ. (ফিনান্স) কোর্স পাশ করলে পি.এস.সি.'র অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষা দিতে পারব কি? এই পদে কী যোগ্যতা লাগে? — মন্মথ সরকার, রবীন্দ্রনগর, চুঁচুড়া, হুগলি। সুমন বাসু, ডেবরা, পশ্চিম মেদিনীপুর।*

■■ না। রেগুলার কোর্সে এম.বি.এ. /পি.জি.ডি.এম. (ফিনান্স) কোর্স পাশ হতে হবে। অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার জন্য কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। চার্টার্ড ও কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরাও আবেদন করার যোগ্য। এম.বি.এ. /পি.জি.ডি.এম. (ফিনান্স) কোর্স পাশরাও যোগ্য। এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত সংস্থা থেকে ফিনান্সের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য।

■ *পি.এস.সি'র স্টেনোগ্রাফার পদের ইন্ডিকেটিভ বিজ্ঞপ্তি বেরিয়েছিল কিছুদিন আগে। মূল বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পরীক্ষার সিলেবাস কী থাকবে? — সঞ্জিত ময়রা, হরিণঘাটা, নদিয়া।*

■■ ইন্ডিকেটিভ বিজ্ঞপ্তি বেরিয়েছে, তাহলে ধরে নেওয়া যায় মূল বিজ্ঞপ্তি বেরোবে। কবে বেরোবে সে বিষয়ে পি.এস.সি. এখনো কিছু জানায়নি। এই পদের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। লিখিত পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে ১০০ নম্বরের ৩ ঘন্টার পরীক্ষায় থাকবে এইসব বিষয়: (১) প্রবন্ধ লেখা - ২৫ নম্বর, (২) প্রেসি লেখা - ২৫ নম্বর, (৩) রিপোর্ট ড্রাফটিং করা - ২০ নম্বর, (৪) গ্রামার - ৩০ নম্বর। এরপর পার্ট-টু পরীক্ষায় থাকবে ১০০ নম্বর। ১০০ নম্বরের টাইপিং টেস্ট। সময় থাকবে ১০ মিনিট। এরপর ২০০ নম্বরের ডিকটেশন টেস্ট ও ট্রান্সক্রিপশন।

■ *ফুডের সাব-ইন্সপেক্টর পদের ফল কি বেরোবে না আবার নতুন করে বিজ্ঞপ্তি বেরোবে? — দীপেন বর্মন, ভোগ্রাম, হেমতাবাদ, উত্তর দিনাজপুর।*

■■ এই পদের ওপর আদালতে মামলা চলছে। তাই ফল কবে বেরোবে বা, আদৌ বেরোবে কিনা তা আদালতের রায়ের ওপর নির্ভর করছে। নতুন বিজ্ঞপ্তি বেরোনোর বিষয়ে কোনো খবর নেই।

## রেলে চাকরির

■ *রেলের আর.পি.এফ.'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সৌরভ সাহা, মধুপুকুর, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।*

■■ এবছরের শেষের দিকে আর.পি.এফ.'এর বিজ্ঞপ্তি বেরোতে পারে।

■ *রেলের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি নং ৮/২০২৪'এর গ্রুপ-ডি পদের যে পরীক্ষা গত বছর নভেম্বর থেকে এবছর ফেব্রুয়ারি পর্যন্ত হয়েছিল, তার ফল কবে বেরোবে? — মনোজিৎ সিংহ ঠাকুর, বিকনা, কেশিয়াকোল, বাঁকুড়া।*

■■ সম্প্রতি অ্যানসার কি বের করেছে। শিগগিরই ফল বেরোবে।

■ *রেলের অ্যাপ্রেন্টিস ট্রেনিংয়ের জন্য বিজ্ঞপ্তি কখন বেরোবে? — এনজামুল হক।*

■■ পূর্ব, দক্ষিণ-পূর্ব রেল-সহ সারা ভারতের বিভিন্ন রেলে অ্যাপ্রেন্টিস ট্রেনিংয়ের জন্য দরখাস্ত নেওয়া শুরু হয় আগস্ট মাস থেকে। চলে জানুয়ারি-ফেব্রুয়ারি পর্যন্ত।

## পুলিশে চাকরির

■ *আবগারি দফতরে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি অনেকদিন ধরে বেরোবে শুনছি, এখনো বেরোয়নি। কবে বেরোবে? — শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ আপাতত কোনো খবর নেই।

## অন্যান্য চাকরির

■ *রাজ্য সরকারের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — চিরঞ্জিত সাঁতরা, ভান্ডারহাটি, হুগলি।*

■■ হ্যাঁ, বেরোবে। তবে দেরি আছে।

■ *কলকাতা হাই কোর্টের লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের মেনস পরীক্ষা কবে হবে? মেনস পরীক্ষায় কী কী বিষয় থাকবে? — প্রসেনজিৎ পাল, ঘাট রোড, নবদ্বীপ, নদিয়া। চন্দন পুরকাইত, বৈদ্যনাথপুর, বাগনান, হাওড়া।*

■■ এখনো মেনস পরীক্ষার তারিখ ঠিক হয়নি। প্রিলিমিনারি পরীক্ষায় সফলদের দ্বিতীয় ফেজের পরীক্ষায় থাকবে : অ্যারিথমেটিক-১০০ নম্বর, ইংরিজি প্রবন্ধ লেখা ও প্রেসি লেখা-১০০ নম্বর, জেনারেল নলেজ -১০০ নম্বর। সময় থাকবে ৩ ঘন্টা। এরপর হবে ১০০ নম্বরের ভাইভা টেস্ট।

## কোর্স ও ট্রেনিং

■ *মাধ্যমিক পাশ করার পর বেশ কয়েক বছর পড়াশোনা করতে পারিনি। এখন রেগুলার কোর্সে উচ্চমাধ্যমিকে স্কুলে ভরতি হতে পারব কি? — সৌরভ সরকার, হুগলি।*

■■ না, বেশ কয়েক বছর গ্যাপ হয়ে থাকলে পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের অধীনে উচ্চমাধ্যমিক স্কুলে ভরতি নেয় না। সেক্ষেত্রে ওপেন স্কুল থেকে উচ্চমাধ্যমিক পাশ করতে পারবেন।

■ *লাইব্রেরিয়ান কোর্স কত বছরের হয়? লাইব্রেরি সায়েন্সের কোর্স করলে কোথায় কোথায় চাকরি পাওয়া যায়? নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান কোর্স করলে তার বৈধতা পাওয়া যায় কি? — রিপন সরকার, কপিলেশ্বরপুর, স্বরূপনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ লাইব্রেরি সায়েন্সের সার্টিফিকেট কোর্স করানো হয় পশ্চিমবঙ্গের এই ৩টি প্রতিষ্ঠানে : (১) বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ, (২) কালিম্পঙের গভর্নমেন্ট জনতা (পিপলস) কলেজ ও বাণীপুরের গভর্নমেন্ট পিপলস (জনতা) কলেজ।

**কলকাতা বিশ্ববিদ্যালয়, যাদবপুর, কল্যাণী, বিদ্যাসাগর, রবীন্দ্রভারতী, উত্তরবঙ্গ, বর্ধমান, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়** পড়ানো হয়। **ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত** বিশ্ববিদ্যালয়, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে দূরশিক্ষা মাধ্যমে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের ডিগ্রি কোর্স ও মাস্টার ডিগ্রি কোর্স পড়ানো হয়।

লাইব্রেরি সায়েন্সের কোর্স পাশ হলে এইসব সংস্থায় চাকরি পাওয়া যায়।

**(১) সরকারি ও সরকার পোষিত** গ্রন্থাগারে লোক নেওয়া হয় এইসব পদে : লাইব্রেরিয়ান, অ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট, ক্যাটালগার ও লাইব্রেরি অ্যাটেন্ড্যান্ট।

**(২) সরকারি দফতর ও অন্যান্য** গ্রন্থাগার যেমন : পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দফতর ছাড়াও নন্দন, কলক্যাতা তথ্যকেন্দ্র, ইনস্টিটিউট অফ লোকাল অ্যান্ড আর্বান স্টাডিজ, পরিকল্পনা ও উন্নয়ন পর্ষদ, বিধানসভা, ভূমি রাজস্ব দফতর, বিচার বিভাগ, এ.টি.আই, রাজ্য সঙ্গীত আকাদেমি, বাংলা আকাদেমি, রাজ্য আর্কাইভ ইত্যাদি সংস্থায় লোক নেওয়া হয়।

**বেসরকারি সংস্থার প্রাইভেট লাইব্রেরি** যেমন, আমেরিকান সেন্টার / ব্রিটিশ কাউন্সিলের মতো নামি সংস্থার পাশাপাশি বিভিন্ন শিল্প সংস্থার নিজস্ব গ্রন্থাগার ও বড় সংবাদপত্রের গ্রন্থাগারে গ্রন্থাগারিক নেওয়া হয়। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতর, স্কুল, নবোদয় বিদ্যালয়, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরি সংক্রান্ত বিভিন্ন পদে লোক নিয়োগ করা হয়। এছাড়াও কাজের সুযোগ আছে এইসব সংস্থায় —(ক) স্বেচ্ছাসেবী সংস্থা, (খ) প্রকাশন সংস্থা, (গ) বিজনেস হাউস, (ঘ) স্ট্যাটিস্টিক্যাল রিসার্চ সংস্থা, (ঙ) বিদেশি দূতাবাস ও হাই কমিশন, (চ) রিসার্চ ও ডেভেলপমেন্ট সেন্টার, (ছ) লাইব্রেরি নেটওয়ার্ক, (জ) গ্যালারি, (ঝ) আর্কাইভ, (ঞ) জাদুঘর, (ট) ডকুমেন্টেশন সেন্টার, (ঠ) বেতার কেন্দ্রে লাইব্রেরি, (দ) বৈদ্যুতিন চ্যানেলে লাইব্রেরি, (ধ) ট্রেনিং আকাদেমি, (ন) রেল ও ব্যাঙ্কের পরিষেবা সংস্থায় কাজের সুযোগ।

## ডাক বিভাগের

■ *গ্রামীণ ডাক সেবক (ব্রাঞ্চ পোস্ট মাস্টার ও অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার) পদের জন্য বিজ্ঞপ্তি কবে বেরোবে? জানুয়ারি মাস নাগাদ গ্রামীণ ডাক সেবক পদের জন্য যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার মেধা তালিকা বেরিয়েছে কি? — চান্দ্রেয়ী লাহেড়ি, থুবা, টাকি, উত্তর ২৪ পরগনা।*

■■ গ্রামীণ ডাক সেবক পদে এবছর জানুয়ারি মাস নাগাদ দরখাস্ত নেওয়া হয়েছিল। তার মেধা তালিকাও বেরিয়েছে। ডকুমেন্টস ভেরিফিকেশন হয়েছে। শিগগিরই মনোনীত প্রার্থীদের নিয়োগ করা হবে। নতুন বিজ্ঞপ্তি বেরোতে দেরি আছে।

## জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে :* karmajiggasa@gmail.com ই-

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| এন.বি.সি.সি. ইন্ডিয়ায় জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা, | ৩৫ | ৫-৪-২৬ | www.nbccindia.in |
| কলেজে সহকারী অধ্যাপক | পোস্ট-গ্র্যাজুয়েট | - | ১৫-৪-২৬ | www.wbcsconline.in |
| ন্যাশনাল ইনফমেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| CSIR-IICB-তে এম.টি.এস. | উচ্চমাধ্যমিক | ৮ | ৪-৪-২৬ | https://iicb.res.in |
| কোলফিল্ডে সার্ভেয়র, মাইনিং সির্দার | উচ্চমাধ্যমিক ডিপ্লোমা | ৬৬৪ | ৬-৪-২৬ | www.mahanadicoal.in |
| WBJEE -2026 | উচ্চমাধ্যমিক | - | ৫-৪-২৬ | www.wbjeeb.nic.in |
| DVC- তে এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ১৬ | ১০-৪-২৬ | www.dvc.gov.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট | ITI ডিপ্লোমা | ১১,১২৭ | ১৫ মে-১৪ জুন | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| MSC-এর মাধ্যমে পুরসভার ডেভেলপমেন্ট অথরিটিতে | HS পাশ | ১৩ | ১৭-৪-২৬ | www.mscwb.org |
| নার্সিং (ANM/GNM) কোর্সে ভরতির দরখাস্ত নেওয়া শুরু | HS পাশ | - | ১৯-৪-২৬ | www.wbjeeb.in |
| JELET পরীক্ষার মাধ্যমে ইঞ্জিনিয়ারিং কোর্সে ভরতি | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | - | ৬-৪-২৬ | www.wbjeeb.in |
| রাইটসে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ১৩ | ২৭-৪-২৬ | www.rites.com |
| SSB-এর মাধ্যমে কনস্টেবল (ট্রেডসম্যান) ও ড্রাইভার | মাধ্যমিক, ITI | ৮২৭ | ২১-৪-২৬ | https://recruitment.ssb.gov.in |
| SSB-এর মাধ্যমে কনস্টেবল (ট্রেডসম্যান) ও ড্রাইভার | মাধ্যমিক, HS, ITI | ২৩৩ | ২১-৪-২৬ | https://recruitment.ssb.gov.in |
| প্রতিরক্ষা কারখানায় ওয়ার্কার | ITI | ২৬৫ | ১০-৪-২৬ | https://munitionsindia.in |
| ITBP- তে ট্রেডসম্যান | ITI | ১০ | ২৮-৪-২৬ | www.recruitment.itbpolice.nic.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারির পরীক্ষা স্থগিত | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| NEET (UG) পরীক্ষা | ৩ মে | www.ntaneet.nic.in |
| প্রাইমারি টিচার পদে নদিয়া, মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ১০ মার্চ থেকে ২৯ মে | https://www.wbbpeonline.com |
| CHSL-2025 (Tier-II) পরীক্ষা | ১০ এপ্রিল, ২০২৬ | www.ssc.gov.in |
| SSC-JE -2025 (Paper-II) পরীক্ষা | ৭ এপ্রিল, ২০২৬ | www.ssc.gov.in |

# রেল গ্রুপ 'ডি'

## রেলের গ্রুপ 'ডি'



রেলে গ্রুপ-ডি পদে ২২ হাজার শূন্যপদে দরখাস্ত নেওয়া হয়েছে। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষায় বিশেষজ্ঞ **শুভ ঘোষ**।

1. CAA মাধ্যমে নাগরিকত্ব পাওয়া প্রথম নাগরিক হলেন—
(A) নুরউদ্দিন মাহমুদ (B) কালীচরণ দাস (C) জোসেফ ফ্রান্সিস পেরেরা (D) ডেভিড সিলভা

2. সম্প্রতি প্রয়াত সাফিকুর রহমান বারক কে ছিলেন?
(A) পরিবেশবিদ (B) রাজনীতিবিদ (C) নাট্যকার (D) ক্রিকেটার

3. World Day of Social Justice কবে পালিত হয়?
(A) 11 জুলাই (B) 10 ডিসেম্বর (C) 21 জানুয়ারি (D) 20 ফেব্রুয়ারি

4. 2024 সালে রসায়নে নোবেল পাননি নীচের কোন ব্যক্তি?
(A) ডেভিড বেকার (B) ভিক্টর অ্যামব্রোস (C) জন জাম্পার (D) ডেভিড হাসাবিস

5. Environmental Performance Indiex 2024 অনুযায়ী ভারতের স্থান কত?
(A) 176 (B) 161 (C) 159 (D) 126

6. গদর পার্টি কোথায় ও কবে প্রতিষ্ঠা হয়েছিল?
(A) আমেরিকা, 1913 (B) ইংল্যান্ড, 1913 (C) ডেনমার্ক, 1917 (D) জার্মানী, 1941

7. নাগার্জুন সাগর বাঁধ কোন নদীর ওপর অবস্থিত?
(A) চম্বল (B) নর্মদা (C) কৃষ্ণা (D) মহানদী

8. নীচের কে চরমপন্থী ছিলেন?
(A) অরবিন্দু ঘোষ (B) দাদাভাই নৌরজী (C) গোপাল কৃষ্ণ গোখলে (D) সুরেন্দ্রনাথ ব্যানার্জী

9. নীচের কোনটি একটি ইনপুট ডিভাইস নয়?
(A) কি বোর্ড (B) মাউস (C) প্রিন্টার (D) স্ক্যানার

10. বুদ্ধচরিত কার খেলা?
(A) বুদ্ধ ঘোষ (B) বানভট্ট (C) অশ্ব ঘোষ (D) বসুমিত্র

11. উত্তর-পূর্ব রেলওয়ের সদর দফতর কোথায় অবস্থিত?
(A) গোরখপুর (B) মালিগাঁও (C) প্রয়াগরাজ (D) বিলাসপুর

12. পাখাল ওয়ান্ড লাইফ স্যাংচুয়ারী কোন রাজ্যে অবস্থিত?
(A) কেরল (B) কর্ণাটক (C) ওড়িশা (D) তেলেঙ্গানা

13. আন্টার্কটিকা মহাদেশের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?
(A) মাউন্ট এরেবাস (B) কিলিমানজারো (C) ভিনসন ম্যাসিফ (D) রকি পর্বত

14. নীচের কোন উপরাষ্ট্রপতি পরবর্তীকালে রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছিল?
(A) জাকির হোসেন (B) ভি.ভি. গিরি (C) কে.আর. নারায়ণ (D) মহম্মদ হামিদ আনসারি

15. রাষ্ট্রপতির ভেটো ক্ষমতা কত নং ধারায় বলা আছে?
(A) 101 (B) 100 (C) 111 (D) 123

16. ভারতবর্ষের অন্তর্গত সব কোর্টে অর্ডিন্যান্স জারি করার ক্ষমতা কোন ব্যক্তির আছে?
(A) প্রধানমন্ত্রী (B) CAG (C) প্রধান বিচারপতি (D) রাষ্ট্রপতি

17. কে. কল্যাণকুট্টি আম্মা কোন নৃত্য শৈলীর সঙ্গে যুক্ত?
(A) কুচিপুরি (B) ভারতনাট্টম (C) মোহিনী আট্টম (D) মণিপুরি

18. 'Ezra Cup' কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) টেবিল টেনিস (B) পোলো (C) রাগবি (D) ভলি

19. কোন ব্যক্তিকে 'Bird of Avon' বলা হয়?
(A) উইলিয়াম শেক্সপিয়ার (B) কার্ল মার্ক্স (C) আর্নেস্ট হেমিংসওয়ে (D) ভ্লাদিমির নোভাকভ

20. প্রথম ভারতীয় মহিলা যিনি বুকার পুরস্কার জিতেছেন—
(A) স্নেহলতা শ্রীবাস্তব (B) অরুন্ধতি রায় (C) আশাপূর্ণা দেবী (D) সুচিত্রা ভট্টাচার্য

21. হৃৎপিণ্ডের ক্রিয়াকলাপ জানতে কোন পদার্থ ব্যবহার করা হয়?
(A) কোবাল্ট (B) ইউরেনিয়াম (C) কার্বন (D) প্লুটোনিয়াম

22. বায়ুমণ্ডলের কোন স্তরে পৃথিবীর মাধ্যাকর্ষণ টান সবথেকে কম?
(A) টোপোস্পিয়ার (B) স্ট্যাটোস্ফিয়ার (C) থার্মোস্ফিয়ার (D) এক্সোস্ফিয়ার

23. পৃথিবীর ভূ-পৃষ্ঠে সবচেয়ে বেশি পরিমাণ আছে—
(A) অ্যালুমিনিয়াম (B) সিলিকা (C) ম্যাগনেশিয়াম (D) সোডিয়াম

24. নীচের কোন হাড়টি পায়ের হাড় নয়?
(A) টিবিয়া (B) হিউমেরাস (C) ফিমার (D) ফিবুলা

25. কুইনাইন পাওয়া যায় কোন গাছ থেকে?
(A) ধুতরা (B) সর্পগন্ধা (C) সিঙ্কোনা (D) বেলেডোনা

26. মানুষের খুলির হাড় সংখ্যা—
(A) 14 (B) 26 (C) 15 (D) 22

27. নিউক্লিয়াস আবিষ্কার করেন কোন বিজ্ঞানী?
(A) রবার্ট হুক (B) রবার্ট ব্রাউন (C) ডারউইন (D) আল্টম্যান

28. সোয়াইন ফ্লু রোগের ভাইরাস হল—
(A) $N_1H_1$ (B) $N_2H_1$ (C) $N_1H_5$ (D) $N_5H_1$

29. ভ্রূণ মুকুলাবরণীতে কোন হরমোন পাওয়া যায়?
(A) জিব্বেরেলিন (B) অক্সিন (C) সাইটোকাইনিন (D) ফ্লোরিজেন

30. মৃদু আলোতে দেখতে সাহায্য করে কোন কোশ?
(A) কোণ কোশ (B) রড কোশ (C) স্নায়ু কোশ (D) বাহক কোশ

31. সূর্যালোক নীচের কোন প্রাণীর গমনে সাহায্য করে?
(A) অ্যামিবা (B) প্যারামেসিয়াম (C) A ও B উভয়ই (D) ইউগ্লিনা

32. পলাশ, শিমূল, মাদার প্রভৃতি হল একটি—
(A) বায়ুপরাগী (B) পক্ষী পরাগী (C) জল পরাগী (D) পতঙ্গ পরাগী

33. মেণ্ডেলের দ্বিসংকর জননের $F_2$ প্রজন্মের ফিনোটাইপিক অনুপাত কত?
(A) 1 : 2 : 1 (B) 3 : 1 (C) 9 : 3 : 3 : 1 (D) 1 : 1

34. রেড ডেটা বুক তৈরি করে কোন সংস্থা?
(A) WWF (B) IUCN (C) IMF (D) FAO

35. সৌরকোশ তৈরি করা হয় কোনটির সাহায্যে?
(A) পরিবাহী (B) অন্তরক (C) অর্ধপরিবাহী (D) অতিপরিবাহী

36. উষ্ণ প্রস্রবণ এর প্রধান হল কোন শক্তি?
(A) সৌরশক্তি (B) জোয়ার ভাটা শক্তি (C) ভূ-তাপীয় শক্তি (D) বায়ুশক্তি

37. নীচের কোন উষ্ণতার কোনো অস্তিত্ব নেই?
(A) –4°C (B) –40°C (C) –40°F (D) –40K

38. গ্যাসের অণুগুলির গড় গতিশক্তি—
(A) চাপের সমানুপাতিক (B) পরম উষ্ণতার সমানুপাতিক (C) চাপের ব্যস্তানুপাতিক (D) পরম উষ্ণতার ব্যস্তানুপাতিক

39. রামধনু সৃষ্টি হয় জলকণা দ্বারা সাদা আলোর কোন ঘটনা ঘটার জন্য?
(A) বিচ্ছুরণ (B) প্রতিসরণ (C) প্রতিফলন (D) সবকটিই একসঙ্গে

40. আলোর বর্ণ আলোর কোন ধর্মের ওপর নির্ভর করে?
(A) কম্পাঙ্ক (B) বেগ
(C) তরঙ্গ দৈর্ঘ্য (D) বিস্তার

41. ফ্লেমিং-এর ডানহস্ত নিয়মে তর্জনী কী নির্দেশ করে?
(A) তড়িৎ প্রবাহ (B) চৌম্বকক্ষেত্র (C) চৌম্বক প্রবাহ (D) চৌম্বক বল রেখার অভিমুখ

42. আধুনিক পর্যায় সারণির ধারণা দেন কোন বিজ্ঞানী?
(A) মেণ্ডেলিভ (B) বোর (C) মোজলে (D) লোথার মায়ার

43. কোরান্ডাম নীচের কোন মৌলের আকরিক?
(A) Fe (B) Cu (C) Zn (D) Al

44. LPG সিলিন্ডারে লিকেজ থেকে সাবধানতার জন্য কোন গন্ধ মুক্ত পদার্থ ব্যবহার করা হয়?
(A) ইথাইল মারক্যাপটান (B) টেট্রা ইথাইল লেড (C) প্রোপানল (D) সালফোনিক অ্যাসিড

45. হ্যালোজেন মৌল কত নং গ্রুপে থাকে আধুনিক পর্যায় সারণির?
(A) 16 (B) 17 (C) 14 (D) 15

46. ABCD সামন্তরিকের AB = 4cm, BC = 6 cm $\angle ABC = 30^\circ$, ABCD সামন্তরিকের ক্ষেত্রফল কত?
(A) 24 বর্গ সেন্টিমিটার (B) 12 বর্গ সেন্টিমিটার (C) 20 বর্গ সেন্টিমিটার (D) 30 বর্গ সেন্টিমিটার

47. একটি সমবাহু ত্রিভুজের উচ্চতার ওপর একটি বর্গক্ষেত্র অঙ্কন করা হল ত্রিভুজ ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত কত?
(A) $\sqrt{3} : 1$ (B) 1 : 1 (C) $2 : \sqrt{3}$ (D) $1 : \sqrt{3}$

48. $x = y^a$, $y = z^b$ ও $z = x^c$ হয় তবে abc = কত?
(A) 1 (B) 0 (C) 2 (D) 4

49. সর্বনিম্ন কোন সংখ্যাকে 24, 32 ও 36 দ্বারা ভাগ করলে যথাক্রমে 20, 28 ও 32 ভাগশেষ থাকবে?
(A) 284 (B) 288 (C) 292 (D) 296

50. চিনির দাম 20% হ্রাস পাওয়ায় এক ব্যক্তি 100 টাকায় 5 কিলোগ্রাম চিনি বেশি পায়। তাহলে প্রতি কিলোগ্রাম চিনির প্রকৃত মূল্য কত?
(A) 8 টাকা (B) 4 টাকা (C) 5 টাকা (D) 6 টাকা

51. একটি পরীক্ষায় মোট নম্বরের 33% পেলে উত্তীর্ণ ধরা হয়, কিন্তু রোহিত 125 নম্বর পেল ও 40 নম্বরের জন্য অনুত্তীর্ণ হল পরীক্ষার মোট নম্বর কত?
(A) 300 (B) 400 (C) 500 (D) 700

52. A, B, C একটি ব্যবসায় 2 : 3 : 5 অনুপাতে বিনিয়োগ করে, যদি লাভ্যাংশের অনুপাত 2 : 6 : 15 হয়, তাহলে তাদের বিনিয়োগের সময়ের অনুপাত কত?
(A) 1 : 2 : 5 (B) 2 : 4 : 5 (C) 3 : 2 : 1 (D) 1 : 2 : 3

53. A ও B একটি কাজ 8 দিনে করে, B ও C কাজটি 12 দিনে করে। A, B ও C একসঙ্গে কাজটি 6 দিনে করে তাহলে, A ও C একসঙ্গে কতদিনে কাজটি করবে?
(A) 12 দিনে (B) 8 দিনে (C) 7 দিনে (D) 10 দিনে

54. 15370 এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(A) 4 (B) 6 (C) 8 (D) 12

55. সাতটি ক্রমিক যুগ্ম সংখ্যার যোগফল 154, বড়ো সংখ্যাটি কত?
(A) 26 (B) 24 (C) 32 (D) 28

56. বার্ষিক 10% সুদের হারে 1000 টাকার 4 বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদের পার্থক্য কত হবে?
(A) 31 টাকা (B) 32.40 টাকা (C) 50.50 টাকা (D) 64.10 টাকা

57. নীল ও মাসুমের আয়ের অনুপাত 9 : 4 ও তাদের খরচের অনুপাত 7 : 3, তাদের প্রত্যেকের সঞ্চয় 2000 টাকা হলে নীলের আয় কত?
(A) 60000 (B) 50000 (C) 72000 (D) 80000

58. 28 লিটার একটি দ্রবণে দুধ ও জলের অনুপাত 5 : 2 মিশ্রণে কত লিটার জল ঢাললে দুধ ও জলের অনুপাত 2 : 5 হবে?
(A) 32 (B) 45 (C) 50 (D) 42

59. $\sqrt{7\sqrt{7\sqrt{7\sqrt{7\sqrt{7\ldots\ldots\infty}}}}}$ = কত?
(A) 4 (B) 1 (C) 7 (D) $\sqrt{7}$

60. একটি পাঁচতলা বাড়ির ছাদের কোনো বিন্দু থেকে একটি মনুমেন্টের চূড়ার উন্নতি কোণ ও অবনতি কোণ 60° ও 30° বাড়িটির উচ্চতা 16 মিটার। তাহলে মনুমেন্টের উচ্চতা কত?
(A) 64 মিটার (B) 48 মিটার (C) $60\sqrt{3}$ মিটার (D) $64\sqrt{3}$ মিটার


61. 110 মিটার লম্বা একটি ট্রেন ঘণ্টায় 72 কিলোমিটার বেগে 132 মিটার একটি সেতুকে অতিক্রম করতে কত সময় নেবে?
(A) 7.2 সেকেন্ড (B) 10 সেকেন্ড (C) 12.1 সেকেন্ড (D) 13.5 সেকেন্ড

62. একটি দু'অঙ্কের সংখ্যার সাতগুণ, সংখ্যাটির অঙ্কদ্বয় স্থান বিনিময় করে যে সংখ্যা পাওয়া যায় তার চারগুণের সমান। অঙ্ক দু'টির পার্থক্য 3 হলে সংখ্যাটি নির্ণয় করুন?
(A) 58 (B) 36 (C) 35 (D) 47

63. একটি ভাগ অঙ্কে ভাগফল ভাজকের $\frac{16}{5}$ গুণ ও ভাগশেষ ভাজকের $\frac{4}{5}$ গুণ। ভাগশেষ যদি 16 হয় তবে ভাজ্য কত?
(A) 1296 (B) 1356 (C) 1028 (D) 1180

64. 87 লিটার, 116 লিটার ও 145 লিটার পাত্রের কেরোসিন পরিমাপ যোগ্য সবচেয়ে বড়ো পাত্রের আয়তন কত?
(A) 21 (B) 27 (C) 29 (D) 37

**নির্দেশ (প্রশ্ন 65-68) :** একটি এলাকায় চারটি আলাদা-আলাদা নির্বাচন কেন্দ্রে ভোট গ্রহণ হয়েছে যথাক্রমে A, B, C ও D কেন্দ্রে। এই ভোটে দুইজন প্রার্থী x ও y, নীচের তালিকায় x ও y-এর প্রাপ্ত ভোটের সংখ্যা দেওয়া হল।




65. x, শতকরা কত ভোট পেয়েছে (আনুমানিক)?
(A) 45.4 (B) 47.5 (C) 50 (D) 43.8

66. কত শতাংশ ভোটার নিজের ভোট দেয়নি (আনুমানিক)?
(A) 4.9 (B) 4.5 (C) 0.23 (D) 0.023

67. B কেন্দ্রে y, x-এর থেকে কত শতাংশ ভোট বেশি পেয়েছে (আনুমানিক)?
(A) 24% (B) 21% (C) 19% (D) 15%

68. D কেন্দ্রে y শতকরা কত ভোট পেয়েছে (আনুমানিক)?
(A) 45 (B) 48 (C) 43 (D) 58

69. ABC ত্রিভুজের $\angle B = 90^\circ$, D, AC বাহুর মধ্যবিন্দু AB = 6, BC = 8, তাহলে, BD = কত?
(A) 4 সেন্টিমিটার (B) 5 সেন্টিমিটার (C) 8 সেন্টিমিটার (D) 12 সেন্টিমিটার

70. $17^{200}$ -কে 18 দিয়ে ভাগ করলে ভাগশেষ কত থাকবে?
(A) 16 (B) 1 (C) 18 (D) 0

71. কোনো সাংকেতিক ভাষায় ROAD-কে URDG লেখা হলে SWAN-কে কী লেখা হবে?
(A) VZDQ (B) UXCQ (C) VZCQ (D) VXDQ

72. যদি + মানে –, × মানে ÷, ÷ মানে + ও – মানে × হয়। তাহলে 252 × 9 – 5 + 32 ÷ 92 = কত?

# রেলের গ্রুপ 'ডি'

(A) 192 (B) 225 (C) 200 (D) 172

**73.** X, Y-এর থেকে বড়ো, Y, Z-এর থেকে বড়ো, P, Q-এর থেকে বড়ো কিন্তু Y-এর থেকে ছোটো, Q, Z-এর থেকে বড়ো। তাহলে পাঁচজনের মধ্যে সবচেয়ে ছোটো কে?

(A) Z (B) P (C) Q (D) Y

**74.** '92581473' সংখ্যাগুলিকে মানের উর্ধ্বক্রমে সাজালে ডানদিক থেকে চতুর্থ সংখ্যা ও বামদিক থেকে তৃতীয় সংখ্যার অন্তর কত?

(A) 1 (B) 2 (C) 3 (D) 4

**75.** কোনো একটি সাংকেতিক ভাষায় '253' কথার অর্থ 'books are old', '546'এর অর্থ 'man is old' ও '378'এর অর্থ 'buy good books' তাহলে, 'are' এর সংকেত হল—

(A) 6 (B) 5 (C) 3 (D) 2

**76.** কোন চিহ্নদ্বয় পরস্পর স্থান বিনিময় করলে নীচের সমীকরণটি সঠিক হবে?

5 × 15 ÷ 7 – 20 + 4 = 77

(A) + ও × (B) × ও ÷ (C) + ও ÷ (D) + ও –

**77.** নীচের কোনটি অন্যটি থেকে আলাদা—

(A) ত্রিভুজ (B) বর্গক্ষেত্র (C) স্পর্শক (D) রম্বস

**78.** পরবর্তী পদটি চিহ্নিত করুন।

120, 99, 80, 63, 48, ?

(A) 35 (B) 36 (C) 40 (D) 31

**79.** 1, 5, 14, 30, 55, 91, ?

(A) 150 (B) 155 (C) 140 (D) 180

**80.** A ও B সম্পর্কে ভাই। C ও D সম্পর্কে বোন। A-এর পুত্র হল D-এর ভাই। B, C-এর সঙ্গে কীভাবে সম্পর্কিত?

(A) বাবা (B) ভাই (C) কাকা (D) ঠাকুরদা

**81.** *BMO, EOQ, HQS, ?*

*(A) LMN (B) KSU (C) SOW (D) KSU*

**82.** *P = ÷, Q = ×, R = +, S = – হয় তাহলে, 18Q12P3R5S6 = কত?*

(A) 72 (B) 66 (C) 71 (D) 58

**83.** কোনো সাংকেতিক ভাষায় EAT = 318, CHAIR = 24156 তাহলে, TEACHER-কে কী লেখা যাবে?

(A) 82341263 (B) 8324136 (C) 8314263 (D) 8312436

**84.** একজন পুরুষ এক মহিলাকে দেখিয়ে বলল, 'তার স্ত্রী হলেন আমার বাবার একমাত্র কন্যা', তাহলে পুরুষটি ওই মহিলার কে হন?

(A) ভাই (B) শ্বশুর (C) স্বামী (D) জামাইবাবু

**85.** নীচের কোন বিকল্পটি প্রদত্ত সেটের সঙ্গে সদৃশ।

(63, 54, 45)

(A) (36, 45, 33) (B) (29, 20, 11) (C) (30, 21, 11) (D) (28, 17, 8)

**86.** নীচের কোনটি অন্যদের থেকে আলাদা?

(A) 1331-121 (B) 343-49 (C) 216-81 (D) 1728-144

**87.** পরবর্তী সংখ্যাটি নির্বাচন করুন।

242, 393, 4164, ?

(A) 5525 (B) 5255 (C) 5225 (D) 5252

**88.** বিবৃতি : সব চেয়ার হল টেবিল।
সব পেন হল টেবিল।
কিছু টেবিল হল স্কেল।

সিদ্ধান্ত : (I) কিছু টেবিল হল চেয়ার।
(II) কিছু টেবিল হল পেন।

(A) শুধু সিদ্ধান্ত I সঠিক (B) শুধু সিদ্ধান্ত II সঠিক (C) কোনো সিদ্ধান্ত সঠিক নয় (D) উভয় সিদ্ধান্ত সঠিক

**89.**

| | | |
|---|---|---|
| 9 | 11 | 13 |
| 3 | 4 | 7 |
| 3 | 4 | 5 |
| 81 | 176 | ? |

(A) 143 (B) 169 (C) 455 (D) 545

**90.** বিবৃতি : সব বই হল উপন্যাস।
কিছু উপন্যাস পদ্য।

সিদ্ধান্ত : (I) কিছু বই হল পদ্য।
(II) কিছু পদ্য হল উপন্যাস।

(A) শুধু সিদ্ধান্ত I সঠিক (B) শুধু সিদ্ধান্ত II সঠিক (C) কোনো সিদ্ধান্ত সঠিক নয় (D) উভয় সিদ্ধান্ত সঠিক

**91.** সুবির বাড়ি থেকে বিদ্যালয়ে যাওয়ার উদ্দেশ্যে বেড়িয়ে প্রথমে 5 কিলোমিটার দক্ষিণে গেল, তারপর বাঁদিকে ঘুরে 10 কিলোমিটার পথ গেল। পুনরায় বাঁদিকে ঘুরে 5 কিলোমিটার পথ অতিক্রম করে বিদ্যালয়ে পৌঁছাল। বিদ্যালয় থেকে সুবিরের বাড়ির অভিমুখ কোন দিকে?

(A) পূর্ব (B) পশ্চিম (C) উত্তর (D) দক্ষিণ

**92.** প্রদত্ত শব্দটি দিয়ে নীচের কোন শব্দটি তৈরি করা যাবে?

CONSULTATION

(A) CONSTANT (B) NATION (C) SALUTE (D) STATIONARY


**93.** একটি দেওয়াল ঘড়িতে 1:30 বাজে, যদি মিনিটের কাঁটাটি দক্ষিণ দিকে থাকে তাহলে ঘণ্টার কাঁটার অভিমুখ কোন দিকে?


(A) উত্তর (B) দক্ষিণ-পূর্ব (C) পূর্ব (D) উত্তর-পূর্ব

**94.** যদি 6 × 2 × 9 = 269
8 × 7 × 1 = 781
তাহলে, 4 × 1 × 3 = ?


(A) 431 (B) 143 (C) 341 (D) 334


**95.** কোন বিকল্প চিত্রটি প্রশ্নচিত্রকে সম্পূর্ণ করবে?




**96.** নীচের কোন বিকল্প চিত্রের মধ্যে প্রশ্নচিত্রটি লুকিয়ে আছে?






**97.** পাঁচজন ছাত্রী একটি বেঞ্চে বসে আছে, P আছে M-এর বাঁদিকে ও O-এর ডানদিকে। R বসে আছে N-এর ডান দিকে ও O-এর বাঁদিকে। মাঝে কে বসে আছে?

(A) O (B) R (C) P (D) M

**98.** পরের পদটি চিহ্নিত করুন।


ACEG : IKMO : : QSUW : ?


(A) YZCE (B) YACD (C) YACE (D) YBCE

**99.** নীচের কোনটি অন্যদের থেকে আলাদা?

(A) টর্চ (B) ব্যাটারী (C) মোমবাতি (D) বাল্ব

**100.** সঠিক দর্পণ চিত্রটি চিহ্নিত করুন।





## উত্তর

1(C). 2(B). 3(D). 4(B). 5(A). 6(A). 7(C). 8(A). 9(C). 10(C). 11(A). 12(D). 13(C). 14(D). 15(C). 16(B). 17(C). 18(B). 19(A). 20(B). 21(D). 22(D). 23(A). 24(B). 25(C). 26(D). 27(B). 28(A). 29(B). 30(B). 31(D). 32(B). 33(C). 34(B). 35(C). 36(C). 37(D). 38(B). 39(D). 40(C). 41(B). 42(C). 43(D). 44(A). 45(B).

46(B).




AB × BC × sin30°. $4 \times 6 \times \frac{1}{2} = 12$ বর্গ সেন্টিমিটার।

47(D). $\frac{\sqrt{3}}{4}a^2 : \left(\frac{\sqrt{3}}{2}a\right)^2$. $\frac{\sqrt{3}}{4}a^2 : \frac{3}{4}a^2$

$1 : \sqrt{3}$.

48(A). 49(A).

50(C). 100 টাকায় এখন যে পরিমাণ চিনি পাওয়া যায় তার পূর্বের দাম $= 100 \times \frac{100}{80} = 125$ টাকা। তাহলে, (125 – 100) = 25 টাকা। 25 টাকায় বেশি পাওয়া যায় 5 কিলোগ্রাম। 1 কিলোগ্রাম চিনির দাম $= \frac{25}{5} = 5$ টাকা।

51(C).

52(D). $2t_1 : 3t_2 : 5t_3 = 2 : 6 : 15$. $t_1 : t_2 : t_3 = 1 : 2 : 3$

53(B). 54(B).

55(D). সাতটি ক্রমিক সংখ্যার যোগফল = 154. গড় = 22. তাহলে, 4th সংখ্যাটি = 22. বড়ো সংখ্যাটি = (22 + 6) = 28

56(D). 10% সুদের হারে 1000 টাকার 4 বছরের সুদ $= \frac{1000 \times 10 \times 4}{100} = 400$ টাকা।

মনে করি, আসল = 10

চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে

| | আসল | মোট |
|---|---|---|
| 1st বছর | 10 | 11 |
| 2nd বছর | 100 | 121 |
| 3rd বছর | 1000 | 1331 |
| 4th বছর | 10000 | 14641 |
| | ↓ ÷10 | ↓ |
| | 1000 | 1464.1 |

4 বছরের চক্রবৃদ্ধি সুদ (1464.1 – 1000) = 464.1

4 বছরে চক্রবৃদ্ধি সুদ ও সুদের পার্থক্য = (464.1 – 400) = 64.1 টাকা।

57(C).

58(D). দুধ : জল = 5 : 2. 28 লিটার দ্রবণে দুধ আছে $= 28 \times \frac{5}{7}$ = 20 লিটার। জল আছে $= 28 \times \frac{2}{7} = 8$ লিটার।

$\frac{20}{8+x} = \frac{2}{5}$. 16 + 2x = 100. 2x = 84. x = 42

59(C). মনে করি, $x = \sqrt{7\sqrt{7\sqrt{7\sqrt{7......\infty}}}}$. $x^2 = 7\sqrt{7\sqrt{7\sqrt{7\sqrt{7......\infty}}}}$. $x^2 = 7x$. x = 7

60(A).

61(C). $\frac{(110+132)}{72 \times 5} \times 18 = \frac{242}{4 \times 5} = 12.1$ সেকেন্ডে।

62(B).

63(A).

64(C). 87, 116 ও 145 এর গ.সা.গু. = 29

65(B). x-এর প্রাপ্ত ভোট = (45 + 73 + 51 + 56) = 225

মোট ভোট = (41 + 97 + 52 + 59) + 225 = 474

তাহলে, $\frac{225}{474} \times 100 = 47.47$ (প্রায়) ≈ 47.5%


66(A).

67(B). B কেন্দ্রে। y বেশি ভোট পেয়েছে = (88 – 73) = 15

$\frac{15}{73} \times 100 = 20.54\%$ (প্রায়) ≈ 21% (প্রায়)

68(A). $\frac{51}{115} \times 100 = 44.35\%$ (প্রায়) ≈ 45%

69(B).




AB = 6. BC = 8. তাহলে, $AC = \sqrt{6^2 + 8^2} = \sqrt{100} = 10$

AC = 10. AD = CD = 5 ও BD = 5

70(B). 71(A).

72(C). 252 × 9 – 5 + 32 ÷ 92

252 ÷ 9 × 5 – 32 + 92

= 28 × 5 – 32 + 92

= 140 – 32 + 92 = 200

73(A).
X
Y
P
Q
Z

74(B).

75(D). old = 5, books = 3, are = 2

76(C). 5 × 15 ÷ 7 – 20 + 4 = 5 × 15 + 7 – 20 ÷ 4 = 75 + 7 – 5 = 77

77(C). 78(A).

79(C). 1, 5, 14, 30, 55, 91 (পার্থক্য: $+2^2$, $+3^2$, $+4^2$, $+5^2$, $+6^2$)

$91 + 7^2 = 140$

80(C). 81(D). 82(C).

83(D).

| T | E | A | C | H | E | R |
|---|---|---|---|---|---|---|
| 8 | 3 | 1 | 2 | 4 | 3 | 6 |

84(C). 85(B). 86(C).

87(B).


| | | |
|---|---|---|
| 2 | $(2)^2$ | 2 |
| 3 | $(3)^2$ | 3 |
| 4 | $(4)^2$ | 4 |
| 5 | $(5)^2$ | 5 |

= 5255

88(D).

89(C). 9 × 3 × 3 = 81
11 × 4 × 4 = 176
13 × 7 × 5 = 455

90(B). 91(B).




বিদ্যালয় থেকে বাড়ি পশ্চিমে 10 কিলোমিটার।

92(B). 93(D).

94(B). 95(B). 96(B). 97(A). 98(C).

99(B). ব্যাটারী ছাড়া বাকিগুলি আলোর উৎস।

100(A).

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। মানবদেহে যকৃৎ থেকে বের হয়ে পিত্ত কোথায় জমা হয় — পিত্তথলিতে।

২। 'হেপাটাইটিস-বি' ভাইরাস কোন রোগের কারণ — জন্ডিস।

৩। কোন জাতীয় খাদ্যে তাপনমূল্য সবথেকে বেশি — অ্যামাইনো অ্যাসিড।

৪। ব্যাঙের শিকার ধরা কোন ধরনের প্রতিবর্ত ক্রিয়া — জটিল প্রতিবর্ত ক্রিয়া।

৫। পিতলের কোন বৈশিষ্ট্যের জন্য এটি মূর্তি প্রস্তুতিতে ব্যবহৃত হয় — পিতল তরল অবস্থা থেকে কঠিনে পরিণত হলে আয়তনে বাড়ে।

৬। কোন জ্বালানি পোড়ালে প্রধানত সালফার ডাইঅক্সাইড ($SO_2$) গ্যাস বাতাসে আসে — ডিজেল।

৭। দন্ত চিকিৎসকরা কোন ধরনের আয়না ব্যবহার করেন — উত্তল আয়না।

৮। মরুভূমিতে মেঘ ঘনীভূত হয়না কেন — নিম্ন আর্দ্রতার জন্য।

## ইতিহাস

৯। ১৯৪৬ সালের 'তেভাগা আন্দোলন' ভারতের বর্তমানের কোন রাজ্যের সঙ্গে যুক্ত — পশ্চিমবঙ্গ।

১০। গভর্নর জেনারেল লর্ড এলেনবরো'র শাসনামলে, কোন আইনটি দাসপ্রথাকে বেআইনি ঘোষণা করেছিল — আইন ৫ (১৮৪৩ সালে)।

১১। কোন 'ইঙ্গ-মহীশূর যুদ্ধ'এ, মহীশূরের শাসক হায়দার আলি স্যার আয়ার কুটের কাছে পরাজিত হয়েছিলেন — দ্বিতীয় (১৭৮০-৮৪ সাল)।

১২। আরাভিদু রাজবংশের শেষ রাজা ছিলেন — তৃতীয় শ্রীরঙ্গ।

১৩। আলা-উদ-দীন খিলজি রাজস্থানের মেওয়ারে অবস্থিত 'চিতোরগড় দুর্গ' আক্রমণ করে দখল করেন ও তার নাম বদল করে রাখেন — খিজারাবাদ (১৩০৩ সালে এই দুর্গ আক্রমণ করেন তিনি)।

১৪। কোন মোগল সম্রাট 'তুলাদান' ও 'ঝারোখা দর্শন' নিষিদ্ধ করেছিলেন — ঔরঙ্গজেব।

১৫। ফিরোজ শাহ তুঘলকের শাসনামলে ভূমি কর কোন নামে পরিচিত ছিল — খরাজ।

১৬। 'হাতিগুম্ফা' শিলালিপিতে কোন শাসকের বিবরণ পাওয়া যায় — খারবেল।

## ভূগোল

১৭। ভারতে 'পশ্চিমী ঝঞ্ঝা'র মাধ্যমে সাধারণত কোন ধরনের শস্যগুলি প্রভাবিত হয় — রবি শস্য।

১৮। গোয়া কোন নদীর তীরে অবস্থিত — মান্ডোভি।

১৯। আরাবল্লী পর্বতমালার বালিয়াড়ি সমৃদ্ধ শুষ্ক ভূপ্রকৃতি অঞ্চলটি কোন নামে পরিচিত — বার্খান।

২০। কোন নদীকে 'সিকিমের জীবনরেখা' বলা হয় — তিস্তা।

২১। মণিপুর রাজ্য আর নাগাল্যান্ড রাজ্য কোন পাহাড় শ্রেণির মাধ্যমে আলাদা করা হয়েছে — বরাইল পাহাড়।

২২। অসমের কোন দ্বীপটিকে ব্রিটিশরা 'ময়ুর দ্বীপ' নাম দিয়েছিল — উমানন্দ দ্বীপ (এটি ব্রহ্মপুত্র নদের একটি ক্ষুদ্রতম নদী দ্বীপ)।

২৩। কোন মাটিতে খুব কম সেচের প্রয়োজন হয়, কারণ এই মাটির আর্দ্রতা ধরে রাখার ক্ষমতা রয়েছে — কালো মাটি।

২৪। বঙ্গোপসাগরের নিকোবর দ্বীপপুঞ্জ থেকে আন্দামান দ্বীপপুঞ্জকে আলাদাকারী চ্যানেলের নাম কী — ১০ ডিগ্রি চ্যানেল (এই চ্যানেলটি উত্তর থেকে দক্ষিণে ১৫০ কিলোমিটার প্রশস্ত ও পূর্ব থেকে পশ্চিমে প্রায় ১০ কিলোমিটার প্রশস্ত)।

২৫। উত্তর-পূর্ব ভারতের কোন উপজাতি সম্প্রদায়ের ভাষা এক, কিন্তু ধর্ম দু'টি — মেইতেই (মণিপুরে এই জনগোষ্ঠীর বাস)।

## অর্থনীতি

২৬। মহিলাদের ক্ষমতায়নকে উৎসাহিত করতে, ৫০০ মিলিয়ন ডলারের সিন্ডিকেটেড সামাজিক ঋণ সুবিধা চালু করছে কোন ব্যাঙ্ক — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

২৭। এবছর 'ব্র্যান্ড ফাইন্যান্স ব্যাঙ্কিং ৫০০' রিপোর্ট অনুসারে, ভারতের সবথেকে শক্তিশালী ব্যাঙ্ক'এর তকমা পেল কারা — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (ভারতের একমাত্র ব্যাঙ্ক হিসাবে মর্যাদাপূর্ণ AAA+ ব্র্যান্ড স্ট্রেংথ রেটিং-সহ বিশ্বব্যাপী ১৬ তম স্থানে রয়েছে এই ব্যাঙ্ক)।

২৮। 'ইয়েস ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — বিনয় মুরলীধর টনসে।

## সাম্প্রতিক ঘটনা

২৯। তিরুবনন্তপুরমে, 'বিক্রম সারাভাই স্পেস সেন্টার'এর ডিরেক্টর হিসাবে



নিযুক্ত হলেন কে — ড.এ.রাজারাজন।

৩০। 'বিশ্ব সংস্কৃত দিবস' কবে পালিত হয় — ৯ আগস্ট।

৩১। 'জাতীয় হ্যান্ডলুম দিবস' কবে পালিত হয় — ৭ আগস্ট।

৩২। 'ব্রডকাস্ট অডিয়েন্স রিসার্চ কাউন্সিল', ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — গৌরব ব্যানার্জি।

৩৩। ভারতের প্রথম রাজ্য হিসাবে, জুভেনাইল জাস্টিস আইন, ২০১৫-এর অধীনে সাংকেতিক ভাষার দোভাষী, অনুবাদক আর বিশেষ শিক্ষকদের তালিকাভুক্ত করল কারা — পঞ্জাব।

৩৪। ভুটানে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — সন্দীপ আর্য।

৩৫। ভারতের প্রথম এআই-চালিত অঙ্গনওয়াড়ি কেন্দ্রের উদ্বোধন করল কোন রাজ্য — মহারাষ্ট্র (নাগপুর জেলার ওয়াধামনা গ্রামে এটি চালু হয়েছে)।

৩৬। 'অন্নদাতা সুখীভাব-প্রধানমন্ত্রী কিষাণ' প্রকল্প চালু করল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ।

৩৭। সফলভাবে আফ্রিকার সর্বোচ্চ শৃঙ্গ 'মাউন্ট কিলিমাঞ্জারো' আরোহণ করলেন কোন ভারতীয় পর্বতারোহী — অরুণাচল প্রদেশের কাবাক ইয়ানো।

৩৮। পোল্যান্ডের প্রেসিডেন্ট এখন কে — ক্যারল নওরোকি।

৩৯। ভারতের সবুজ বিপ্লবের জনক তথা অধ্যাপক প্রয়াত এম.এস. স্বামীনাথন'এর প্রতি শ্রদ্ধা জানাতে, তাঁর নামে একটি বিশ্বব্যাপী 'খাদ্য ও শান্তির জন্য এম.এস.স্বামীনাথন পুরস্কার' চালু করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রথম প্রাপক হিসাবে এই পুরস্কার পেলেন কে — নাইজেরিয়ান বিজ্ঞানী অধ্যাপক অ্যাডেমোলা এ.অ্যাডেনলে (নাইজেরিয়ায় ক্ষুধা মোকাবিলায় তাঁর অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি)।

৪০। কেন্দ্রীয় সরকারের ব্যয় বিভাগের ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — ইশা খোসলা।

৪১। 'ক্যাপাসিটি বিল্ডিং কমিশন'এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন কে — এস.রাধা চৌহান।

৪২। এশিয়ার দীর্ঘতম মালবাহী ট্রেনটির নাম কী, যার সফল পরীক্ষামূলক পরিচালনা করেছে ভারতীয় রেল — রুদ্রাস্ত্র (এই মালগাড়িটির মোট দৈর্ঘ্য ৪.৫ কিলোমিটার আর এতে ৩৫৪টি কামরা লাগানো হয়েছে)।

৪৩। ২০২৬ সালে ৩৮তম 'বোগোটা আন্তর্জাতিক বইমেলা'য়, 'সম্মানিত অতিথি' দেশ হিসাবে অংশ নেবে কারা — ভারত।

৪৪। ভারতের প্রথম 'স্মার্ট ইন্টেলিজেন্ট গ্রাম' কোনটি — মহারাষ্ট্রের নাগপুরের গ্রামাঞ্চলে অবস্থিত সাতনাভ্রী গ্রাম।

৪৫। কেন্দ্রীয় বেসামরিক বিমান পরিবহণ মন্ত্রকের ডিরেক্টর এখন কে — তানভি সুন্দরিয়াল।

৪৬। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধীন, উচ্চশিক্ষা বিভাগের ডিরেক্টর এখন কে — নীতিশ সুরি।

৪৭। প্রথম 'আম্মা সম্মান দিবস' উপলক্ষ্যে, 'নারী আদালত' উদ্বোধন করল কোন রাজ্য — সিকিম ('নারী আদালত' হল মহিলাদের মাধ্যমে পরিচালিত একটি সম্প্রদায়-ভিত্তিক প্ল্যাটফর্ম, যা বিশেষত সিকিমের গ্রামীণ আর আধা-শহুরে এলাকায় দ্রুত ও সহানুভূতিশীল ন্যায়বিচার প্রদান করবে)।

৪৮। সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মের মাধ্যমে সাম্প্রদায়িক ঘৃণা আর দাঙ্গার মতো ঘটনা রুখতে, 'গরুড় দৃষ্টি' ব্যবস্থা চালু করল কোন রাজ্য — মহারাষ্ট্র।

৪৯। ভারতের প্রথম রাজ্য হিসাবে, বুদ্ধিবৃত্তিকভাবে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য অভিন্ন আর মানসম্মত শিক্ষার জন্য, 'দিশা অভিযান' বাস্তবায়ন করল কোন রাজ্য — মহারাষ্ট্র।

৫০। বেঙ্গালউরুতে মেট্রোর নতুন ইয়েলো লাইনের উদ্বোধন করলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৫১। কোথায় ভারতের প্রথম 'অ্যানিম্যাল স্টেম সেল বায়োব্যাঙ্ক'এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিং — হায়দরাবাদের 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ অ্যানিম্যাল বায়োটেকনোলজি'তে।

৫২। ভারতে প্রথম ড্রোন আর কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে কৃত্রিম বৃষ্টির পরীক্ষা শুরু করল কোন রাজ্য — রাজস্থান (জয়পুরের রামগড় বাঁধ এলাকায় এই পরীক্ষা করা হয়েছে)।

৫৩। রাজস্থানের জয়সলমীরে ভারত-পাক-ই-স্তান আন্তর্জাতিক সীমান্তে 'অপারেশন অ্যালার্ট' পরিচালনা করেছে কারা — বর্ডার সিকিউরিটি ফোর্স (১১ আগস্ট থেকে ১৭ আগস্ট পর্যন্ত চলেছে এই বিশেষ অভিযান)।

৫৪। ভারতের কোন রাজ্যে বিরল নীল পিঙ্কগিল মাশরুমের (*Entoloma hochstetteri*) খোঁজ পাওয়া গেছে — তেলেঙ্গানা।

৫৫। ২০২৫ সালের ১০ আগস্ট পর্যন্ত, আধার ফেস অথেন্টিকেশন মোট কত কোটি লেনদেনের মাইলফলক অর্জন করেছে — ২০০ কোটি।

৫৬। ২০২৫ সালে মর্যাদাপূর্ণ 'ইকুয়েটর ইনিশিয়েটিভ পুরস্কার' জিতল ভারতের কোন সংস্থা — কর্ণাটকের ধারওয়াড় জেলার তীর্থা গ্রামের 'বিবি ফতিমা মহিলা স্বনির্ভর গোষ্ঠী' (৯টি দেশের ১০ জন বিশ্বব্যাপী পুরস্কার প্রাপকের মধ্যে 'বিবি ফতিমা মহিলা স্বনির্ভর গোষ্ঠী'ই হল একমাত্র ভারতীয় বিজয়ী)।

৫৭। 'বিশ্ব হাতি দিবস' কবে পালিত হয় — ১২ আগস্ট।

৫৮। এই প্রথমবারের মতো, সমুদ্রপৃষ্ঠ থেকে কত মিটার গভীরে জাতীয় পতাকা উত্তোলন করলেন ভারতীয় নাবিকরা — ৫,০০০ মিটার।

৫৯। সেনাবাহিনী থেকে ফিরে আসার পর, প্রাক্তন অগ্নিবীরদের জন্য সরকারি চাকরিতে সরাসরি নিয়োগের জন্য ১০% সংরক্ষণ অনুমোদন করল কোন রাজ্যের মন্ত্রিসভা — উত্তরাখণ্ড।

৬০। ২০২৫ সালে ভারত কত তম স্বাধীনতা দিবস উদযাপন করেছে — ৭৯ তম।

৬১। ভারতের কোন রাজ্যের হিমতনগরে 'কামধেনু ভেটেরিনারি কলেজ' প্রতিষ্ঠার অনুমোদন দিল কেন্দ্রীয় সরকার — গুজরাত ('কামধেনু বিশ্ববিদ্যালয়'এর অধীনে এটি তৈরি হবে)।

৬২। 'অ্যাপ্রুভড লিস্ট অফ মডেলস অ্যান্ড ম্যানুফ্যাকচারার্স'এর অধীনে, আনুষ্ঠানিকভাবে মোট কত গিগাওয়াট সৌর ফটোভোলটাইক মডিউল উৎপাদন ক্ষমতায় পৌঁছেছে ভারত — ১০০ গিগাওয়াট।

৬৩। সাশ্রয়ী মূল্যের খাবার সরবরাহ করতে, ভারতে নিজেদের প্রথম ফুড ডেলিভারি প্ল্যাটফর্ম 'ওনলি' চালু করল কোন সংস্থা — র‍্যাপিডো।

৬৪। ওড়িশার তাঁত শিল্পের প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন কে — বলিউড অভিনেত্রী মাধুরী দীক্ষিত।

৬৫। কেন্দ্রীয় সরকারের মহাকাশ বিভাগের ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন



কে — সিন্ধু বি.রূপেশ।

৬৬। ২০২৫ সালে 'স্বাধীনতা দিবস'এ মোট কতজন কর্মীকে বীরত্ব আর সেবা পদক প্রদান করা হয়েছে — ১,০৯০ জন।

৬৭। ২০২৫ সালে 'ইন্ডিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল অফ মেলবোর্ন'এ শীর্ষ সম্মান জিতল কোন ভারতীয় ড্রামা চলচ্চিত্র — নীরজ ঘায়ওয়ান পরিচালিত 'হোমবাউন্ড' (এই চলচ্চিত্রটি 'সেরা চলচ্চিত্র'এর পুরস্কার জিতেছে। অন্যদিকে, পরিচালক ঘায়ওয়ান এই চলচ্চিত্রের জন্য 'সেরা পরিচালক'এর সম্মান পেয়েছেন)।

৬৮। কোন রাজ্যের প্রত্যন্ত শি-ইয়োমি জেলার 'মেচুকা সরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়'এ একটি অত্যাধুনিক মহাকাশ গবেষণাগারের উদ্বোধন করল 'ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা' — অরুণাচল প্রদেশ (গবেষণাগারটির নাম রাখা হয়েছে 'পাসাং ওয়াংচুক সোনা ইসরো মহাকাশ গবেষণাগার')।

৬৯। ১৫ আগস্ট, ভারতীয় ডাক বিভাগ বিশেষ পোস্টকার্ড প্রকাশের মাধ্যমে কোন চলচ্চিত্রের ৫০ পূর্তি উদযাপন করেছে — শোলে।

৭০। এই প্রথমবারের মতো, সৌদি আরবের গ্রাহকদের কাছে পৌঁছে দেওয়া হল ভারতের লাদাখের কার্গিল জেলার কোন ফল — তাজা এপ্রিকট (ভারতের ৭৯ তম 'স্বাধীনতা দিবস' উদযাপনের সময় রিয়াধের 'লুলু হাইপারমার্কেট'এ এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়)।

৭১। 'মরিয়ম মির্জাখানি নিউ ফ্রন্টিয়ার্স পুরস্কার' পেলেন কে — ভারতীয় গণিতবিদ তথা 'বন বিশ্ববিদ্যালয়'এর ম্যাথমেটিক্যাল ইনস্টিটিউটের ড.রাজুলা শ্রীবাস্তব।

৭২। ১,৫০৭ কোটি টাকা খরচে, কোন রাজ্যে কোটা-বুন্দি গ্রিনফিল্ড বিমানবন্দর তৈরিতে অনুমোদন দিল কেন্দ্রীয় সরকার — রাজস্থান।

৭৩। মাত্র ২ মিনিটের মধ্যে মস্তিষ্কের গুরুতর আঘাত আর মাথার ভিতরের রক্তপাত শনাক্ত করতে, 'সেরেবো' নামে একটি বহনযোগ্য ডিভাইস তৈরি করল কোন সংস্থা — ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ।

## খেলাধুলা

৭৪। ২০২৫ সালে চিনের ছেংদুতে, 'বিশ্ব গেমস'এ মহিলাদের সান্ডা ৫২ কেজি বিভাগের ফাইনালে রুপোর পদক জিতে ইতিহাস গড়লেন কে — ভারতের উশু অ্যাথলিট নম্রতা বাত্রা।

৭৫। টানা দ্বিতীয়বারের মতো ১৫ তম 'জুনিয়র জাতীয় মহিলা হকি চ্যাম্পিয়নশিপ' জিতল কোন দল — ঝাড়খণ্ড মহিলা হকি দল (হকি হরিয়ানাকে ২-১ ব্যবধানে হারিয়ে)।

৭৬। ২০২৫ সালে দাবায়, এক রাউন্ড বাকি থাকতেই 'কোয়ান্টবক্স চেন্নাই গ্র্যান্ড মাস্টার্স' শিরোপা জিতলেন কে — জার্মান গ্র্যান্ডমাস্টার ভিনসেন্ট কিমার (সেইসঙ্গে এই ইভেন্টের ইতিহাসে প্রথম একক চ্যাম্পিয়ন হয়েছেন তিনি)।

৭৭। ২০২৫-'২৬ সালে 'আর্মড ফোর্সেস ইন্টার সার্ভিসেস স্কোয়াশ চ্যাম্পিয়নশিপ' জিতল কোন দল — ভারতীয় নৌবাহিনী (ভারতীয় বিমান বাহিনীকে ২-১ ব্যবধানে হারিয়ে)।

৭৮। ভারতের ৮৯ তম গ্র্যান্ডমাস্টারের খেতাব পেলেন কে — ১৯ বছর বয়সি রোহিত কৃষ্ণ (কাজাখ-ই-স্তানে, 'আলমাটি মাস্টার্স কোনায়েভ কাপ'এ জয়ের পর এই শিরোপা অর্জন করলেন তিনি)।

৭৯। 'ব্র্যান্ড ফাইন্যান্স'এর 'ফুটবল ৫০-২০২৫' রিপোর্ট অনুযায়ী, বিশ্বের সবথেকে মূল্যবান ফুটবল ব্র্যান্ডের শিরোপা পেল কোন দল — স্পেনের ক্লাব রিয়াল মাদ্রিদ (রিপোর্ট অনুযায়ী, রিয়াল মাদ্রিদের ব্র্যান্ড মূল্য ২০২৪ সালের তুলনায় ১৪% বেড়ে ২০২৫ সালে ১৯০ কোটি ইউরো হয়েছে)।

৮০। কাজাখ-ই-স্তানে, ১৬ তম 'এশিয়ান শ্যুটিং চ্যাম্পিয়নশিপ'এ জুনিয়র মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন কে — ভারতের রশ্মিকা সেহগাল।

৮১। কাজাখ-ই-স্তানে, ১৬ তম 'এশিয়ান শ্যুটিং চ্যাম্পিয়নশিপ'এ ১০ মিটার এয়ার পিস্তল পুরুষদের যুব বিভাগে সোনার পদক পেলেন কে — ভারতের গিরিশ গুপ্তা।

সঙ্কলক : পলি দেওয়ান

# KALINGA INSTITUTE OF INDUSTRIAL TECHNOLOGY (KIIT)

**Deemed to be University**
(Established U/S 3 of UGC Act 1956), Bhubaneswar, Odisha, India

A++ Grade Accredited by NAAC | World University Rankings 2026: 501+Cohort Globally, 5th India Rank | 1st in Odisha, 9th in India among pvt. universities | nirf 2025: 17th Among Indian Universities | NBA Tier 1 Re-accredited by NBA | ABET (US) Accreditation | IET Accredited Programme, The Institute of Engineering and Technology | Special Consultative Status by the UN-ECOSOC | Partnership with UN Volunteers




# KIITEE 2026

**APPLY NOW**

through KIIT Websites
www.kiitee.ac.in / www.kiit.ac.in
No Examination Fee (Computer-Based Test)

Scan to Apply

## ACADEMIC PROGRAMMES AVAILABLE

### UG (3 years/4 years)/Integrated (5 years) Programmes
[All 4 years Programmes are with Honors/Research]

**B.Tech Programmes**

- Civil
- Construction Technology
- Electrical
- Electrical & Computer Science
- Mechanical
- Mechanical (Automobile)
- Aerospace
- Mechatronics
- Electronics & Telecommunication
- Electronics & Computer Science
- Electronics & Electrical
- Electronics (VLSI Design & Technology)
- Chemical
- Computer Science & Engineering (CSE)
- CSE (Artificial Intelligence & Machine Learning)
- CSE (Artificial Intelligence)
- CSE (Cyber Security)
- CSE (Data Science)
- CSE (Internet of Things & Cyber Security including Block Chain Technology)
- CSE (Internet of Things)
- Information Technology
- Computer Science & System
- Computer Science & Communication
- Biotechnology

**UG Programmes in other Disciplines**

- B.Design (Automobile/ Graphic/Product)
- B.Design (Fashion / Textile)
- Integrated M.Tech Biotechnology (5yrs)
- B.Tech (Lateral Entry)
- B.Arch
- BCA
- BBA
- B.Sc (Hospitality & Tourism)
- Bachelor of Film & Television Production
- Bachelor of Communication & Journalism
- Bachelor of Physical Education & Sports
- BA Economics
- BA Sociology
- BA English
- BA Psychology
- BA French
- BA Spanish
- BA Japanese
- BA German
- B.Com
- B.Sc (Economics & Data Analytics)
- B.Sc Computer Science
- B.Sc Nursing
- B.Pharma
- D.Pharma
- B.Sc (Fintech & Business Analytics)
- B.Sc (Statistics & Data Analytics)
- BA LLB (Hons) (5 Years)
- BBA LLB (Hons) (5 Years)
- B.Sc LLB (Hons) (5 Years)

### PG (1 year/2 years)/Integrated (5 years) Programmes

- M.Tech
- LLM (1yr)
- MCA
- M.Sc Biotechnology
- M.Sc Applied Microbiology
- M.Arch
- MBA-IEV (Innovation, Entrepreneurship and Venture Development)
- Master of Communication & Journalism
- Master in Urban & Regional Planning
- Master in Yoga & Naturopathy
- Master of Hospital Administration
- Master of Public Health
- MA in Fashion Management
- M. Design (Interior)
- M.Sc Computer Science
- MA Economics
- MA Sociology
- MA English
- MA Psychology
- Master in Public Policy
- M.Com
- M.Sc Physics
- M.Sc Chemistry
- M.Sc Mathematics & Data Science
- Master in Library & Information Sciences
- Master in Physical Education & Sports
- M.Sc Nursing
- MBA (2 Years)
- MBA-Rural Management (2 Years)
- MBA -Agribusiness (2 Years)
- Integrated M.Tech & Ph.D
- Ph.D

### 2025 Placement Highlights

750+ Companies | 6000+ Job Offers | ₹53 LPA Highest Salary Offered | ₹8.50 LPA Average CTC | 1500+ Paid Internships

Director Admissions, Admission Cell (Koel Campus), KIIT DU, Bhubaneswar, Odisha, India-751024 | admission@kiit.ac.in | kiitee.ac.in | 8080 735 735

KIIT (Deemed to be University) has only one permanent campus in Bhubaneswar, Odisha. It has no other campus / off campus anywhere else in the country and globe.

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com